This unit mainly dedicated to ensure compliance with applicable laws & regulations, policy and guidelines of relevant regulatory authorities (Bangladesh Bank, NBR etc.) as well as the internal policies and procedures while operating its business. They mainly maintain liaison with the all regulators and communicate the changes/modifications for updating the compliance of related issues. This unit ensures compliance of all regulatory reports of Bangladesh Bank as well as internal audit reports.

- Supports and advises the Divisions and Branches in complying with their various regulatory and other compliance issues as required.

- Follows-up of Bank's regular internal & external audit issues & ensure submission of return/reports/queries to Bangladesh Bank and other regulatory bodies
- Ensures compliance with the suggestions and instructions made by Bangladesh Bank based on Comprehensive & Special Inspections.

Monitoring Unit

This unit conducts monitoring (on site & off site) on the proper implementation of various control tools in all the branches and divisions/ departments at head office to strengthen the internal control system of the bank.

For ensuring effective control culture, some tools used by this unit:

- Departmental Control Function Checklist (DCFCL),
- Loan Documentation Check List (LDCL),
- Quarterly Operations Report (QOR)
- Self-assessment of anti-fraud internal controls

It also collects relevant data, information & reports and analyzes these to identify and assess manifold operational risk of the bank and select corrective actions to mitigate. In case of any significant operational lapses/gross violation, this unit forwards issue to the Senior Management of the Bank and also ACB (if necessary).

IT Audit and IT Security

IT audit is an integral part of the overall auditing process of the Bank, which is one of facilitators for internal operation in the aspect of Core Banking System (CBS). To assess and minimize the operational risk in technological environment, our IT auditors continuously conduct comprehensive and special audit with high priorities. Skilled IT professionals conducted the IT audit at Head Office and Branch level. The auditors also ensured whether control objectives in accordance with the ICT Guidelines of Bangladesh Bank are followed.

Shari'ah Audit

The Bank has 2 (two) full-fledged Shari'ah branches, one in Dhaka (IBB, Mohakhali) and another one in Sylhet (IBB, Sylhet) along with 20 (twenty) Islamic Banking Window (IBW) which are performing their banking activities based on fully Shari'ah rules and regulations. The bank has also a Shari'ah Supervisory Committee which used to arrange periodical meeting and review the ongoing issues and give the time befitting advices.

Shari'ah Audit unit conducts the internal Shari'ah audit on the said branches & Islamic Banking Window (IBW) yearly basis and submit the report to Shari'ah Supervisory Committee for review.

Human Resources

Strategies set for the Human Resources Management is one of the key factors of enhancing the Bank's overall performance. The main function of HR is to enhance employee potential and utilize them properly towards achieving organizational goal. The Bank has already established a work environment for the employees where excellence and performance help them to explore their prospect. The Premier Bank has an inspiring culture for employees to perform meticulously and to achieve efficiency. Our policy on Human Resource Management is proactive. Our HR mission is to be the employer of choice. As a part of corporate governance, all about human resources has been disclosed in the pages of 129 to 133 of this report.

Our Learning and Talent Development Center is struggling with aligning learning goals with the goals of the business. LTDC is striving to address concerns and meet the needs of the business in order to make learning eye to eye. Our Learning and Talent Development Center created a culture that ensures employees own their development. The Premier Bank Learning and Talent Development Center is a corporate university of Innovation, Advancement, and Development. The organized and structured approach helps LTDC to build a high quality in-house training system in the bank.

Premier Bank Securities Ltd.

(A wholly owned subsidiary of the Bank)

Premier Bank Securities Ltd. (PBSL) is a wholly owned subsidiary of The Premier Bank Ltd. It has been formed with a separate entity in accordance with the regulatory requirements. PBSL plays a vital role in the capital market being TREC Holder of Dhaka Stock Exchange Ltd. (TREC no: DSE-236) and Chittagong Stock Exchange Ltd. (TREC no: CSE-143). Since 2009 PBSL is rendering Capital Market Services as Stock Broker and Stock Dealer of both the bourses with professionalism, structured and systematic way for the customers' satisfaction under its own policy. PBSL is managed by efficient and experienced personnel, market analysts to help investors on market forecast and taking investment decisions at the right time.

Our brokerage business comprises with the following services:

a. Brokerage Services:

- Trade Execution;
- Exclusive Dealer Trading;
- Safe Keeping of Securities;
- Any Branch Trading;
- Separate arrangements for VIP Investors;
- Separate arrangements for Women Investors;
- Trading arrangement with both DSE & CSE;

- Trading arrangement through Mobile App;
- Investment advisory services.

b. Margin Loan Facilities:

We provide Financial Support to the clients for investment in the secondary market against their margin deposit within the limit set by the management from time to time as per Margin Loan Policy and Margin Rules, 1999 of Bangladesh Securities & Exchange Commission (BSEC).

c. Services as Full Service DP:

- BO (Beneficiary Owner) Account Opening
- Dematerialization of Shares
- Re-materialization of Shares
- Transfers and Transmission
- Pledging, Un-pledging and Confiscation
- Corporate Action Inquiry
- BO ISIN Balance and master maintenance inquiry, etc.

d. Phone/Fax/ E-mail Services:

- Buy /Sale Order
- Stock Position Inquiry
- Balance of Financial Ledger
- Purchase Power Inquiry
- Portfolio Position Inquiry
- Margin Call for additional margin deposit
- Any query as required by Investors

Premier Bank Securities Ltd. (PBSL) have 5 (five) Branch offices and 1 (one) extended Head Office located at the prime locations of Dhaka & Chittagong city.

Sustainable Finance

Premier Bank believes in eco-friendly and socially responsible banking system which drives the whole nation towards a healthy environment and presents an excellent and hazardless banking across the country. With this end in view, bank is pursuing environment friendly activities which include, among others, paperless banking, on-line banking, e-statement, efficient use of energy, papers as well as lending to environment friendly projects. In harmony with national and international convergence, the bank is committed to protect and conserve environment towards supporting Green Economy. Sustainable finance activities of the bank are flourishing day by day towards building a green future for the welfare of the society.

Bank is inclined to promote environment sustainable and socially responsible investment including renewable energy, bio-gas plant, setting up green industries etc. Green Banking has turned crucial for sustainable development of the economy to which the bank is an active participant and to play its due role in this respect, bank has established a dedicated unit to attend to works related to sustainable finance.

Corporate Social Responsibility (CSR)

We believe in socially beneficial activities in order to link the society with the growth of our Bank in a fair manner. We consider socially responsible activities as a part of our culture, identity and business practice. We are committed to social and environmental well being and strive to ensure sustainable balanced growth in economic, social and ecological arena. Details CSR activities of the bank are described in a separate segment of this report in the pages 161 to 163.

Corporate Governance

Corporate governance is a concept referring to the ideal mode of ensuring company's accountability to its various stakeholders through a strict system of internal controls and procedures. Since the responsibility of maintaining a good corporate governance system lies on the Board of Directors, Board of Directors of The Premier Bank Limited always keeps line with the related rules & regulations of various regulatory bodies. The corporate governance of Premier Bank is of superior quality placing the fairness, transparency, accountability and responsibility on its top most priority. Our disclosures on status of compliance on BSEC and Bangladesh Bank guidelines demonstrate strong compliance culture of the Bank. The details of corporate governance practice of the Bank are discussed in a separate segment under the head 'Corporate Governance' stated on page from 122 to 151 of this report.

Management Committee

There are several committees comprising competent members from the Management of the Bank to ensure smooth operation, risk management and continuous monitoring. The main Committees are grouped into Senior Management Team (SMT), MANCOM, Credit Committee, Asset Liability Management Committee (ALCO), ICT Steering Committee, ICT Security Committee and Integrity Committee etc. In the Management team, the Managing Director is assisted by Additional Managing Director, Deputy Managing Directors, and Divisional Heads. The day-to-day banking operations are handled by these top ranking professionals with modern banking expertise and experience in their respective fields. The Head Office Management Committee (MANCOM) scrutinizes Policy issues, new initiatives, business performance etc. all the cases thoroughly before referring to Executive Committee/Board for due approval or decision. The branches of the Bank have been divided into different Zones for smooth operations, monitoring and achieving business target under the direct supervision of Zonal Heads backed by the guidance of Managing Director of the Bank. Besides, the Bank has "Branch Management Committee" in all Branches to ensure better control and

smooth operation of the Branches. These two measures have brought dynamism, involvement and fast decision making process both at Head Office and Branches.

Going Concern

Going concern is one of the fundamental assumptions in accounting on the basis of which financial statements are prepared. Financial statements are prepared assuming that a business entity will continue to operate in the foreseeable future without the need or intention on the part of management to liquidate the entity or to significantly curtail its operational activities. Therefore, it is assumed that the entity will realize its assets and settle its obligations in the normal course of the business. The Premier Bank Limited has prepared its Financial Statement considering the going concern assumption.

Financial Statements

The Financial Statements of the Bank and its Subsidiaries are given on pages 208 to 309 of this report. International Accounting Standards (IAS)/Bangladesh Accounting Standards (BAS)/International Financial Reporting Standards (IFRS)/Bangladesh Financial Reporting Standards (BFRS), as applicable in Bangladesh, have been followed in preparation of the financial statements. The financial statements prepared by the Management of the Bank and its subsidiaries present fairly its state of affairs, the result of its operations, cash flows and changes in equity.

Maintaining Proper Books of Account

Proper books of account of the bank have been maintained for its financial transactions occurred during the year 2021. The books of account have also been reviewed by the external auditor with an opinion that proper books of accounts as required by the law have been properly maintained by the Bank.

Accounting Policies

The accounting policies adopted in the preparation of financial statements of the Bank and its subsidiaries are stated on pages 'Notes to the financial statement' of this report. There are no significant changes to the Accounting Policies of the Bank in the year under review. The accounting estimates are based on reasonable and prudent judgment and proper books of account of the Bank have been maintained.

Related Party Transactions

The Directors and other key management personnel are very much cautious to avoid any conflicts of interest in conformity

with the prevailing rules and regulations. Related party transactions, when undertaken, are carried out on an arm's length basis without any special benefit to the related party. All such transactions have been approved unanimously by the other Directors of the Bank. A statement of all related party transactions is mentioned on page 236 to 237 of this report.

Appointment of Auditors

The Shareholders of The Premier Bank Limited in the 22nd Annual General Meeting (AGM) held on May 05, 2021 appointed K. M. Hasan & Co., Chartered Accountants as External Auditor of the Bank to conduct the audit for the year 2021. As per Bangladesh Bank guidelines and Bangladesh Securities and Exchange Commission's notification no. BSEC/CMRRCD/2006-158/208/Admin/81 dated 20 June 2018, they are eligible for re-appointment.

In pursuant to the condition no. 9(2) of Notification No. BSEC/CMRRCD/2006-158/207/Admin/80, dated 3 June, 2018 of Corporate Governance Code issued by Bangladesh Securities and Exchange Commission (BSEC), The Board of Directors has appointed Mahfel Huq & Co., Chartered Accountants as Compliance Auditor who will provide the certificate on compliance of this Corporate Governance Code for the year 2021 which was subsequently approved by the Shareholders in the 22nd AGM.

The Board of Directors has recommended Mahfel Huq & Co., Chartered Accountants as Compliance Auditor who will provide the certificate on compliance of this Corporate Governance Code for the year 2022. The recommendation for appointment of Compliance Auditor will be placed in the 23rd AGM for shareholders' approval.

Credit Rating

ARGUS Credit Rating Services Limited assigned 'AA+' (Double A plus) rating in the Long Term and 'ST-1' rating in the Short Term to The Premier Bank Limited in consideration of the financials as on 31st December 2020 and other relevant quantitative as well as qualitative information up to date of rating declaration on 30 June 2021 will remain valid upto 29 June 2022.

Board of Directors

The Board of the Directors of the Bank currently comprises of 12 (twelve) Directors including 02 (Two) Independent Directors. Directors are appointed following relevant provision/clause of Companies Act 1994, Bank Companies Act, 1991, Corporate Governance Code of BSEC, Bangladesh Bank's Circulars and Articles of Association of the Bank.

The Board has also three committees in operation viz Executive Committee, Audit Committee and Risk Management Committee. Respective Committees operate following their given Terms of Reference (TOR) set by the Board, Bangladesh Bank and BSEC as the case may be.



Appointment of Independent Director

In compliance with the Corporate Governance Code issued by BSEC, Bank Companies Act 1991 (amended up to 2018) and Bangladesh Banks' Circulars, the Board of Directors of the Bank has appointed Independent Directors in its Board. The Independent Directors are conversant in the field of financial, regulatory and corporate laws; enjoy full freedom to carry out their assigned responsibilities. As per Corporate Governance Code of Bangladesh Securities and Exchange Commission (BSEC), the Board of Directors of the Bank has 2 (two) Independent Directors. The appointment of Mr. Kaiser Ahmed Chowdhury as Independent Director was approved by the Board of Directors in its 255th meeting held on December 29, 2021 which was subsequently approved by Bangladesh Securities and Exchange Commission (BSEC) and Bangladesh Bank.

The decision regarding appointment of Mr. Kaiser Ahmed Chowdhury as Independent Director will be placed before shareholders for approval in the 23rd Annual General Meeting (AGM) to be held on 17 May, 2022.

Retirement and re-election of Directors

In the 23rd Annual General Meeting, retirement/re-election of the Directors of the Bank will be as per the Companies Act, 1994, Bank Companies Act, 1991 and Articles of Association of the Bank.

Re-appointed Directors in the 22nd AGM

In pursuant to the Articles of Association and the Companies Act, 1994, the Bank's 22nd Annual General Meeting (AGM) was held on 5 May 2021 where the following Directors retired from the Board of the Bank. Subsequently, they were eligible for re-election and re-appointed in the Board by the Shareholders.

- **Mr. Abdus Salam Murshedy, MP**
- **Mr. Mohammad Imran Iqbal**
- **Mrs. Shaila Shelley Khan**

The brief resume of the above Directors, incompliance of Notification No. BSEC/CMRRCD/2006-158/207/Admin/80, dated 3 June, 2018 of Bangladesh Securities and Exchange Commission (BSEC), is given in the Directors' profile of this report.

Meetings

Total 17 (seventeen) meetings of the Board of Directors, 43 (forty three) meetings of the Executive Committee, 06 (six) meetings of the Audit Committee held during the year 2021. Besides 04 (four) meetings of the Risk Management Committee and the Shariah Supervisory Committee of the Bank respectively also held during the year 2021.

Honorarium of Directors

As per the BRPD Circular letter no. 11 dated 04.10.2015, Directors are entitled to get honorarium for attending the Board, Executive Committee, Audit Committee and Risk Management Committee meetings. The Directors' honorarium for the year ended 31 December 2021 is given in Note 35 of the financial statements.

Dividend

The Board of Directors of the Bank has recommended 12.50% Cash Dividend & 10.00% Stock Dividend to the Shareholders for the year ended on 31st December 2021 subject to approval of Shareholders in the 23rd Annual General Meeting (AGM) of the Bank.

Disclosure for recommendation of Stock Dividend

- Stock Dividend has been recommended to strengthen the capital base of the bank to support business growth.
- Stock Dividend are declared out of accumulated profit.
- Stock Dividend are not declared from capital reserve or revaluation reserve or any unrealized gain or out of profit earned prior to incorporation of the Company or through reducing paid up capital or through doing anything so that the post-dividend retained earning becomes negative or a debit balance.

Annual General Meeting

23rd Annual General Meeting (AGM) of the Bank will be held on the 17 May, 2022 through Digital Platform at 11.00 a.m. The Directors' Report and Financial Statements were adopted in the 257th Board Meeting held on March 28, 2022 for presentation and approval of the Shareholders in the AGM.

Outlook, Opportunities and our Strategy

Our Bank was one of the best performers in the recently completed year - 2021. We still believe that, we have a lot scope to do, a long way to go and will continue to build our relationship with new patrons. We have a strong capital base that will enable us to make more investment towards achieving objectives. We are well positioned to meet the needs of our customers with our customized products and services. We will target key customer segments with innovative products and services that will enhance our business relationships. We will accumulate a good size of quality portfolio and diversity in our revenue and earning streams.

We have a truly excellent management team with profound knowledge leading the group. We are confident that our strengths, our strategy and our keen focus on the key priorities will enable us to manage, grow and repeat our record of success for long. We will capitalize our strength and will be selective and careful to utilize our capital, assets and investments to keep it risk free. We have planned to expand our market share with rapid growth of network around the world. We have gradually expanded our network by opening new branches in potential areas as well as digitalization of our banking services.


Though, the coronavirus (COVID 19) has created significant disruption for our business community, suppliers and customers but the bank continued its' journey towards success with our dedicated driving force- the Premier Bank family.

With an ongoing focus on effecting our strategies and priorities, controlling risks and expenses and growing our business platforms - with our strong foundation and the finest team of people working together, we are confident that the bank will be able to present better results before our shareholders in the year ahead.

Thanks and gratitude

The Board of Directors take the opportunity to express thanks and gratitude to all the shareholders, valued customers, patrons and well-wishers at home and abroad who have extended their co-operation and support and contributed to put the bank at a distinctive edge over the competitors. We would like to express our gratitude to the Government of the People's Republic of Bangladesh, Bangladesh Bank, Bangladesh Securities and Exchange Commission (BSEC), other regulatory bodies and financial institutions for their continued guidance and advice towards betterment of the bank. Finally, the Board would like to place on record their heart-felt gratitude and appreciation to the Management and employees at all levels for their dedication and relentless efforts to place the bank on a prestigious position.

On behalf of the Board of Directors



Dr. H. B. M. Iqbal
Chairman



পরিচালকবৃন্দের প্রতিবেদন

পরিচালকবৃন্দের প্রতিবেদন

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আসসালামুআলাইকুম,

পরিচালনা পর্ষদের পক্ষ থেকে দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড এর তেইশতম বার্ষিক সাধারণ সভায় অত্যন্ত আনন্দের সাথে আপনাদেরকে স্বাগত জানাচ্ছি। ২০২১ সালে ব্যাংকের ব্যবসা পরিচালনার ক্ষেত্রে আপনাদের অব্যাহত সহযোগিতা ও পৃষ্ঠপোষকতার জন্য জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। সেই সাথে ২০২১ সালের নিরীক্ষিত হিসাব বিবরণীসহ ব্যাংকের তেইশতম বার্ষিক প্রতিবেদন আপনাদের সামনে উপস্থাপন করছি যেখানে পূর্ববর্তী বছরের সাথে ২০২১ সালের পরিচালন কর্মকাণ্ডের তুলনামূলক মূল্যায়ন এবং বিশ্লেষণ করা হয়েছে। এছাড়া ব্যাংকের সামগ্রিক অবস্থা, কর্মকাণ্ডের ও সম্ভাবনার সার্বিক চিত্রও উপস্থাপন করা হয়েছে। কোভিড-১৯ ভাইরাসের ফলে অর্থনৈতিক স্থবিরতার মধ্যেও দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড এর অনন্য অগ্রগতি যা আমাদের জন্য অত্যন্ত আশাব্যঞ্জক।

সাফল্যের ২১ বছর

“সেবাই প্রথম” এই মূলমন্ত্রে দীক্ষিত হয়ে ১৯৯৯ সালের ২৬শে অক্টোবরে প্রিমিয়ার ব্যাংক বাংলাদেশের ব্যাংকিং জগতে যে ঐতিহাসিক যাত্রা শুরু করেছিল তা আজ অবধি অত্যন্ত সফল ও অত্যাধুনিক প্রযুক্তি নির্ভর ব্যাংকিং সেবা উপহার দিয়ে সফলতার সাথে ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রেখেছে। আপনাদের সকলের সহযোগিতা, আস্থা ও মূল্যবান পরামর্শ আমাদের এ অগ্রযাত্রায় পাথের হিসাবে ছিল যা ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে আমরা বিশ্বাস করি। ক্ষুদ্র বাণিজ্য থেকে শুরু করে বৃহৎ কর্পোরেট ব্যবসা সব খাতেই আমরা আমাদের ব্যাংকিং সেবা ছড়িয়ে দিয়েছি। বর্তমানে ১২টি এসএমই ও ১৮ টি এডি (অথোরাইজড ডিলার) শাখাসহ ১২৩টি শাখার মাধ্যমে আমরা সারাদেশে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে যাচ্ছি। এছাড়া দেশেরে বিভিন্ন স্থানে ব্যাংকের ১০০টি এটিএম বুথ ও ৩৭টি উপ-শাখা রয়েছে। ২০২১ সালে প্রিমিয়ার ব্যাংক সম্পদ, আমানত, ঋণ, রেমিটেন্স, আমদানী ও রপ্তানী সবকটি সূচকেই দৃষ্টান্ত স্থাপন করেছে।

ব্যাংকিং সেবার বহুমুখীকরণ

আমাদের প্রধান ব্যবসায়িক কর্মকাণ্ড হিসেবে চিহ্নিত খাতসমূহ হচ্ছে কর্পোরেট ও রিটেইল আমানত গ্রহণ, ঋণ বিতরণ, ট্রেড ফাইনান্স, প্রকল্প অর্থায়ন, লীজ ফাইনান্স, চলতি মূলধন ও অন্যান্য অর্থায়ন, দেশীয় ও আন্তর্জাতিক ক্রেডিট কার্ড সার্ভিস, অন্তর্মুখী রেমিটেন্স সেবা প্রভৃতি। প্রচলিত ব্যাংকিং ব্যবস্থার পাশাপাশি প্রিমিয়ার ব্যাংকের ২টি শাখায় ইসলামিক ব্যাংকিং সেবা প্রদান করা হয়। এছাড়া ব্যাংকের সকল শাখায় ইসলামিক ব্যাংকিং অনলাইন সেবাও প্রদান করা হয়। প্রিমিয়ার ব্যাংকের নিজস্ব সাবসিডিয়ারী কোম্পানী ‘প্রিমিয়ার ব্যাংক সিকিউরিটিজ লিঃ’ প্রতিষ্ঠার মাধ্যমে ব্রোকারেজ সেবা এবং পুঁজিবাজারে বিনিয়োগের জন্য মার্জিন লোন দিয়ে থাকে।

পণ্য ও সেবা

প্রিমিয়ার ব্যাংক সবসময় পরিবর্তনশীল অর্থনীতি এবং গ্রাহকের চাহিদার দিকে লক্ষ্য রেখে নিত্য নতুন পণ্য এবং সেবার দিকে মনোযোগ দিয়েছে। বিদ্যমান বাজার চাহিদার সাথে সামঞ্জস্য আধুনিক ব্যাংকিং পণ্য ও সেবার অঙ্গীকার নিয়ে আমরা রিটেইল ও এসএমই ব্যাংকিং ব্যবসাকে সম্প্রসারিত করেছি। সেবার মানোন্নয়নে আমরা কাজ করে চলেছি প্রতিনিয়ত। এটিএম সার্ভিস

সহ দ্রুত সেবা প্রদান, ঋণ প্রক্রিয়ার সময়-হ্রাস, অনলাইন জমা এবং রেমিটেন্স প্রদান ছাড়াও আরও নানা ধরনের উন্নত সেবার মাধ্যমে আমরা ব্যাংকিং শিল্পে নিজেদেরকে অনন্য স্থানে নিয়ে এসেছি।

আর্থিক কর্মকাণ্ডের মূল্যায়ন - ২০২১

২০২১ সালে প্রিমিয়ার ব্যাংক সবধরনের ব্যাংকিং কার্যক্রমে প্রশংসনীয় প্রবৃদ্ধি অর্জন করেছে। বছর জুড়ে ব্যাংকের আমানত গ্রহণ, ঋণ বিতরণ, আমদানি-রপ্তানি, রেমিটেন্স প্রবাহ এবং অন্যান্য সকল ক্ষেত্রে অসাধারণ অগ্রগতি অর্জন করেছে। ব্যাংকের সামগ্রিক কর্মক্ষমতা পূর্ববর্তী বছরের তুলনায় যথেষ্ট উৎসাহব্যঞ্জক ছিল। প্রবৃদ্ধি অর্জনের ধারা অব্যাহত রাখতে ব্যবসায়ের প্রসার, বহুমুখীকরণ এবং ব্যবসায়িক যোগাযোগ বৃদ্ধিতে দৃষ্টি কেন্দ্রীভূত রয়েছে।

পরিচালন আয়

২০২১ সালে ব্যাংকের মোট পরিচালন আয় ১৫,৬৪৪.১৬ মিলিয়ন টাকায় উন্নীত হয় যার মধ্যে সুদ আয়ের পরিমাণ ছিল ১৭,৯৬৭.৬৮ মিলিয়ন টাকা, নিট সুদ আয় হয় ৪,৮০৮.১৭ মিলিয়ন টাকা। অন্যদিকে ব্যাংকের ফি ও কমিশন ভিত্তিক আয়ের পরিমাণ মোট পরিচালন আয়ের ১৫.৬৩% হিসেবে ২,৪৪৫.৫৯ মিলিয়ন টাকায় লিপিবদ্ধ হয়। ২০২১ সাল শেষে ব্যাংকের কর পরবর্তী নিট মুনাফার পরিমাণ দাঁড়ায় ৩,২৬৯.১২ মিলিয়ন টাকা। অন্যান্য পরিচালনা আয় রেকর্ড করা হয় ১,৫৫৯.০৯ মিলিয়ন টাকা যা অর্জিত হয় মূলত ব্যবসায়িক পরিধির বিস্তৃতি এবং বিবিধ কর্মকাণ্ডের মুনাফার প্রবৃদ্ধি থেকে।

পরিচালন ব্যয়


২০২১ সালে ব্যাংকের পরিচালন ব্যয় ছিল ৭,২৫৭.০০ মিলিয়ন টাকা। ব্যাংকের স্টাফদের বেতন/ভাতা বাবদ ব্যয় ২,৪৪২.৩৪ মিলিয়ন টাকা থেকে বেড়ে ২০২১ সালে ২,৭১৮.০২ মিলিয়ন টাকায় উন্নীত হয় যার মধ্যে প্রধান বিবেচ্য বিষয় ছিল বেতন, ভালো পারফরমারদের স্বীকৃতি ও পুরস্কার এবং ব্যবসায়িক প্রবৃদ্ধির সাথে সঙ্গতি রেখে মানব সম্পদের সম্প্রসারণ প্রভৃতি। অন্যান্য পরিচালন ব্যয়ের সাথে সম্পর্কযুক্ত বিষয়সমূহ হলো কার্যক্রমের গতি বৃদ্ধি করতে সিস্টেম উন্নতকরণ, শাখা সম্প্রসারণ এবং গ্রাহক সেবার মানোন্নয়ন।

সম্পদ

২০২১ সালে মোট সম্পদের পরিমাণ ৩৫৬,৫৭৪.৯৮ মিলিয়ন টাকা যা ২০২০ সালের উপর ১২.৯৩% প্রবৃদ্ধি নির্দেশ করে। মূলতঃ ব্যবসায় সম্প্রসারণের সাথে সাথে ব্যাংকের সম্পদও বৃদ্ধি পেয়েছে।

৩১ ডিসেম্বর ২০২১ তারিখে ঋণ ও অগ্রিমের সাথে মোট সম্পদের অনুপাত ছিল ৭০.০৬% যা ২০২০ সালে ছিল ৬৭.৫৩%। লোন হিসাবের উল্লেখিত বৃদ্ধির পিছনে প্রভাব রেখেছে কর্পোরেট ও এসএমই ক্রেডিট লাইনে বর্ধিত অংশগ্রহণ, সিডিকেশন ঋণ, দেশের বিভিন্ন খাতে ব্যবসায়িক সম্পর্কের সুদৃঢ়করণ, রিটেইল ও ভোক্তা ঋণ গণ্যের উৎকর্ষ ও আকর্ষণ ইত্যাদি।


মোট সম্পদের শ্রেণীবিন্যাস



দায়

৩১শে ডিসেম্বর ২০২১ তারিখে মোট দায় ১৩.১৬% বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৩৩৪,৩৮০.৯৪ মিলিয়ন টাকায় যা ২০২০ সালে ছিল ২৯৫,৪৮১.৮৩ মিলিয়ন টাকা। মূলত আমানত বৃদ্ধিসহ আয়কর ও ঋণের সংস্থান বৃদ্ধির কারণে দায় বৃদ্ধি পেয়েছে। সাশ্রয়ী কিংবা স্বল্প ব্যয়নির্ভর ডিপোজিট এর উপর অগ্রাধিকার দিয়ে ব্যবসায়ের প্রায় সকল খাত থেকেই আমরা ডিপোজিট সংগ্রহ করি। বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন সুবিধা সহ ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহে প্রিমিয়ার ব্যাংকের ২০২১ সাল শেষে দায়ের পরিমাণ ছিল ৩৪,৭২৫.৯০ মিলিয়ন টাকা, ২০২০ সালে এর পরিমাণ ছিল ২৬,৭৯০.৫৩ মিলিয়ন টাকা। ২০২১ সাল শেষে ব্যাংকের মোট দায়ের শতকরা ৭৭.৭৫ ভাগ ছিল গ্রাহক ডিপোজিট যা ২০২০ সালের তুলনামূলক অনুপাত ছিল শতকরা ৭৯.১৭ ভাগ।

দায় ও ইকুইটিটির সংমিশ্রণ



মূলধন শক্তি

মূলধন পর্যাণ্ডতা ব্যাংকের আর্থিক শক্তি এবং স্থায়িত্বের নির্দেশ করে। বর্তমান ও ভবিষ্যতের ব্যবসায়ের প্রয়োজনীয়তা, ব্যবসায়িক ঝুঁকি এবং নিয়ন্ত্রকের নিয়মাবলী পূরণে ব্যাংক সক্রিয়ভাবে মূলধন রক্ষণাবেক্ষণ করে। ২০২১ সাল শেষে ব্যাংকের মোট মূলধনের পরিমাণ দাঁড়ায় ৩৪,৮৮১.৮১ মিলিয়ন টাকা। ব্যাসেল-৩ গ্র্যাকর্ড ও বাংলাদেশ ব্যাংক গাইডলাইন্স এ বর্ণিত মূলধন আবশ্যিকতার বিচারে ব্যাংকের মূলধন পর্যাণ্ডতার অনুপাত ছিল ১৩.৯৭%।

ব্যাংকের মোট মূলধন এবং মূলধন পর্যাণ্ডতার অনুপাত নীচে উল্লেখ করা হল-


(মিলিয়ন টাকা)

বিবরণ	২০২১	২০২০
টিয়ার-১ মূলধন	২২,৯৩৯.৯৬	১৮,৫২৩.২৭
টিয়ার-২ মূলধন	১১,৯৪১.৮৫	১০,৩১১.৮৫
মোট মূলধন	৩৪,৮৮১.৮১	২৮,৮৩৫.১২
মোট ঝুঁকিভিত্তিক সম্পদ	২৪৯,৬০২.৮৪	২১১,৪৪৮.৪১
মূলধন পর্যাণ্ডতার অনুপাত	১৩.৯৭%	১৩.৬৪%

আমানত

ব্যাংক পরিচালনার শক্ত ভিত গড়ে তোলে আমানত। আমানত সংগ্রহের দিক থেকে ২০২১ সাল ছিল প্রিমিয়ার ব্যাংকের জন্য একটি সফল বছর। এ সময় ব্যাংকের মোট আমানতের পরিমাণ ২০২০ সালের ২৪১,৬৩০.২৪ মিলিয়ন টাকা থেকে শতকরা ১১.২৫ ভাগ বৃদ্ধি পেয়ে ২০২১ সালে রেকর্ড করা হয় ২৬৮,৮০৩.০৫ মিলিয়ন টাকা। উন্নত গ্রাহক সেবা নিশ্চিত করতে আমাদের সম্মিলিত প্রচেষ্টা এই অর্জনকে সম্ভব করেছে। স্থায়ী বা মেয়াদী আমানত, সঞ্চয়ী আমানত, বিভিন্ন সঞ্চয়ী প্রকল্প, স্বল্প মেয়াদী আমানত, প্রদেয় বিলের হিসাব প্রভৃতি ব্যাংক আমানতের মূল ভিত্তিকে সুসংহত করেছে। এছাড়াও ইসলামিক ব্যাংকিং শাখায় বিভিন্ন ডিপোজিট প্রোডাক্ট চালু রয়েছে যা ব্যাংকের আমানতকে দৃঢ় করেছে।

ব্যাংকের আমানত মিশ্রণ-



ঋণ পোর্টফোলিও

আমাদের ঋণ পোর্টফোলিও গড়ে উঠেছে কর্পোরেট, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং রিটেইল ব্যবসাকে ঘিরে যাকে 'কোর ব্যাংকিং এভিনিউ' হিসেবে চিহ্নিত করা হয়। আমাদের ঋণ ব্যবস্থাপনা প্রথাগত ও শরীয়াহ ব্যবস্থার উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত। ব্যাংকের বহুমুখী ঋণ ও অগ্রিমের মধ্যে রয়েছে প্রকল্প খাতে অর্থায়ন, রপ্তানী খাতে অর্থায়ন, ক্ষুদ্র ও মাঝারী শিল্প ঋণ, কমার্শিয়াল ক্রেডিট, চলমান ঋণ, কৃষি ঋণ, গৃহনির্মাণ ঋণ এবং স্টাফ লোন ইত্যাদি। ব্যাংক সম্পদের গুণগত মান বজায় রেখে এবং সঠিক ঋণগ্রহীতা নির্বাচনের ক্ষেত্রে অত্যন্ত সতর্কতা অবলম্বন করে, প্রধান কার্যালয়ের ঋণ ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির তত্ত্বাবধানে ব্যাংকের ঋণ কর্মকান্ড পরিচালিত হয়।

২০২১ সালে ঋণ ও অগ্রিমের দিক থেকে শতকরা ১৭.১৮ ভাগ প্রবৃদ্ধি পরিলক্ষিত হয়। এ সময় ২০২০ সালের ২১৩,২০৪.৬৮ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম এর পরিমাণ দাঁড়ায় ২৪৯,৮২৯.৫৮ মিলিয়ন টাকায়। এ বছর গ্রাহকদের কাছে বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল মোট সম্পদের শতকরা ৭৬.২২ ভাগ যা ২০২০ সালে রেকর্ড করা হয় শতকরা ভাগ। এই সময় ব্যাংকের ঋণ আদায়ের হার ছিল যথেষ্ট আশাব্যঞ্জক এবং শ্রেণীকৃত ঋণের পরিমাণ ছিল মোট ঋণের শতকরা ২.৭৩ ভাগ। শিল্প, ব্যবসা, সেবা, প্রকৌশল ও নির্মাণসহ সকল অর্থনৈতিক কর্মকান্ডে প্রিমিয়ার ব্যাংকের ক্রেডিট পোর্টফোলিও বিস্তৃতি লাভ করেছে।

কর্পোরেট ব্যবসা

কর্পোরেট ফাইন্যান্স ইউনিট

কর্পোরেট ব্যাংকিং বিভাগ (সিবিডি), দ্যা প্রিমিয়ার ব্যাংক লিমিটেডের অন্যতম প্রধান বিভাগ। দীর্ঘদিন ধরে দেশের প্রধান কর্পোরেট গ্রাহকদের প্রয়োজন অনুসারে ঋণসেবা দিয়ে তাদের অর্থায়নের চাহিদা পূরণের মাধ্যমে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অবদান রাখছে। সিবিডি বিদ্যুৎ অবকাঠামো, ফার্মাসিউটিক্যালস, সিমেন্ট, ইস্পাত, সিরামিক, খাদ্য ও পানীয় শিল্পের পাশাপাশি আমদানী রপ্তানী ও সরবরাহকারী এবং ঠিকাদারদের অর্থায়ন প্রদান করে। সিবিডি নন ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানকেও অর্থায়ন প্রদান করে।

কর্পোরেট ব্যাংকিং বিভাগ (সিবিডি) কর্পোরেট ব্যবসায়িক প্রস্তাবের জন্য রিলেশনশীপ ম্যানেজার হিসাবে কাজ করে। শাখাগুলো তাদের কর্পোরেট গ্রাহকদের ব্যবসায়িক প্রস্তাব সিবিডিতে পাঠায়। একটি প্রস্তাব বিশ্লেষণ করার পর সিবিডি প্রস্তাবটির যোগ্যতা / সম্ভাব্যতার একটি সার সংক্ষেপ তৈরী করে এবং প্রধান কার্যালয়ের ক্রেডিট কমিটিতে উত্থাপন করে। সিবিডি প্রধান কার্যালয়ের ক্রেডিট কমিটির সিদ্ধান্ত সংক্রান্ত কার্যবিবরণী প্রস্তুত করে এবং অনুমোদনের জন্য সিআরএম ডিভিশনে পাঠায়। কর্পোরেট গ্রাহকদের সুবিদার্থে সিবিডি, শাখা, সিআরএম বিভাগ, সিএডি বিভাগ, আইন বিভাগ, আন্তর্জাতিক বিভাগের পাশাপাশি বাংলাদেশ ব্যাংক এবং অন্যান্য নিয়ন্ত্রক কর্তৃপক্ষের সাথেও সমন্বয় করে।

২০২১ সালের শেষ পর্যন্ত কর্পোরেট ঋণের পরিমাণ দাঁড়ায় ৮৩৬.৮১ কোটি টাকা (যাহা ব্যাংকের মোট ঋণের প্রায় ৩৩.৫০%) যাহা

২০২০ সালের তুলনায় ২৭.০৪% বৃদ্ধি হয়েছে। এছাড়াও সিবিডি আমদানি বাণিজ্যে ১২,৪২৪.০০ কোটি টাকার অবদান রাখে যেখানে ২০২১ সালে ব্যাংকের মোট আমদানি বাণিজ্যের পরিমাণ ছিল ২৭,০৩৩.৪৫ কোটি টাকা।

অর্থনীতিকে বেগবান করতে এবং কোভিড ১৯ মহামারী দ্বারা সৃষ্ট অর্থনৈতিক ক্ষতিপূরণের জন্য সিবিডি সরকার কর্তৃক ঘোষিত বিভিন্ন সেक्टरের সুবিধাভোগী কর্পোরেট গ্রাহকদের জন্য আর্থিক উদ্দীপনা প্যাকেজ বিতরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। সিবিডি কর্পোরেট গ্রাহকদের উদ্দীপনা তহবিলের অধীনে অতিরিক্ত চলতি মূলধনের জন্য অর্থায়ন বাবদ মোট সীমা ৫৭৪.০০ কোটি টাকা অনুমোদন করে।

২০২১ সালে সিবিডির প্রধান অর্জন :-

- ২০২০ সালের তুলনায় ২০২১ সালে ২৭.০৪% ঋণ বৃদ্ধি এবং ৬৮.০৫% আমদানি বৃদ্ধি পেয়েছে।
- ২০২১ সালে ঋণের লক্ষ্যমাত্রা অর্জন।
- সফলভাবে বৃহৎ শিল্প ও সেবা খাতে উদ্দীপনা তহবিলের ঋণ বিতরণ।

২০২২ সালে সিবিডির জন্য কৌশল :-

- ট্রাঙ্কিং ভিত্তিক অর্থায়ন বা নগদ প্রবাহ ভিত্তিক অর্থায়নের প্রতি অধিকতর গুরুত্ব প্রদান।
- নির্বাচিত শিল্প খাতে বিনিয়োগ পস্থা অবলম্বন যেমন আইসিটি, লাইট ইঞ্জিনিয়ারিং, ফার্মাসিউটিক্যালস, অবকাঠামো, হিমায়িত খাদ্য, জ্বালানী, সিরামিক ও পর্যটন শিল্প ইত্যাদি।
- মেয়াদ উত্তীর্ণ পত্রিকার মাধ্যমে অব্যবহৃত ক্রেমাগত অর্থায়নের সীমাহ্রাস করা।
- মেয়াদী ঋণ এবং নতুন ঋণ সুবিধার জন্য আরোও নিরাপত্তার জামানত গ্রহণ।

এক্সপোর্ট ফিন্যান্স ইউনিট

বাংলাদেশ বিশ্বের অষ্টম জনবহুল দেশ, যা এটিকে একটি শ্রমঘন দেশের সুবিধাসমূহ গ্রহণের সুযোগ প্রদান করেছে। নিঃসন্দেহে আমাদের অর্থনীতি নিছক কৃষি নির্ভর দেশ থেকে রপ্তানি নির্ভর দেশে স্থানান্তরিত হচ্ছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) অনুসারে, ২০২০-২০২১ অর্থবছরে মোট জনসংখ্যার ৪০.৬ শতাংশ কৃষিখাতে কর্মরত ছিল আর জিডিপিতে এ খাতের অবদান ছিল ১৩.৪৭ শতাংশ। অন্যদিকে একই সময়ে জিডিপিতে শিল্প খাতের অবদান ছিল ৩৪.৯৯ শতাংশ এবং জনসংখ্যার ২০.৪০ শতাংশ এখাতে নিয়োজিত ছিল। প্রাথমিকভাবে তৈরী পোশাক খাত এবং হালকা উৎপাদন খাতই শিল্পখাতে মূল অবদান রেখে চলেছে।

তৈরী পোশাক শিল্প দেশের শিল্প খাতের চালক। বিশ্বের ২য় বৃহত্তম পোশাক রপ্তানিকারক দেশ বাংলাদেশ। বাংলাদেশ ২০১৯-২০২০ অর্থবছরে ৩৮৭৫৮.৩১ মিলিয়ন মার্কিন ডলারের মোট রপ্তানি করে যার মধ্যে ৩১৪৫৬.৭৩ মিলিয়ন মার্কিন ডলারের তৈরী পোশাক রপ্তানি করেছে যা মোট রপ্তানির ৮১.১৬ শতাংশ। এসময় তৈরী পোশাক খাতে ১৪.৮১ শতাংশ প্রবৃদ্ধি ঘটে। কোভিড-১৯ এর

চ্যালেঞ্জ মোকাবিলা করে তৈরী পোশাক খাত জিডিপিতে ১৬ শতাংশ অবদান রাখা, ৪.৪ মিলিয়ন শ্রমিক/পেশাজীবী তৈরী পোশাক খাতে কাজ করছে, শিল্পটির উপর সরাসরি দেশের ৪ কোটি মানুষ জীবিকা নির্বাহ করে। বর্তমানে ৪৩২৮ টি কারখানা সক্রিয়ভাবে তৈরী পোশাক রপ্তানিতে কাজ করে যাচ্ছে।

০৩ (তিন) বছর আগে ২০১৮-২০১৯ অর্থবছরে দেশের রপ্তানির পরিমাণ ছিলো ৪০.৫ বিলিয়ন মার্কিন ডলার যেখানে তৈরী পোশাক খাতে রপ্তানি ছিলো ৩৪.১৩ বিলিয়ন মার্কিন ডলার এবং তৈরী পোশাক খাতের অবদান ৮৪.২১ শতাংশ। ২০১৮-২০১৯ এবং ২০২০-২০২১ অর্থবছরের মধ্যে তুলনায় দেশের মোট রপ্তানি কমেছে ১৭৭৬.৭৩ মিলিয়ন মার্কিন ডলার, অর্থাৎ রপ্তানি শতকরা ৪.৩৮ শতাংশ হ্রাস পেয়েছে এবং তৈরী পোশাক খাতে রপ্তানি ২৬৭৬.৫৪ মিলিয়ন মার্কিন ডলার অর্থাৎ তৈরী পোশাক খাতে রপ্তানি ৭.৮৪ শতাংশ হ্রাস পেয়েছে। বিশেষজ্ঞগণ মনে করেন যে বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারী ধাক্কার কারণে এমনটা ঘটেছে।

যদিও মহামারীর কারণে দেশের তৈরী পোশাক রপ্তানি যৌক্তিকভাবে হ্রাস পেয়েছে কিন্তু গত ০৩ (তিন) বছরে প্রিমিয়ার ব্যাংক লিমিটেড এর রপ্তানির পরিমাণ বেড়েছে যা একটি অসাধারণ রেকর্ড করেছে অর্থাৎ ২০১৯ সালে মোট রপ্তানি ছিলো ১০,৯২৩.০০ কোটি টাকা, ২০২০ সালে ১০,৯৬৩.৭১ কোটি টাকা যা ২০২১ সালে বৃদ্ধি পেয়ে ১৭,২০৮.০৭ কোটি টাকা হয়েছে। ২০২১ সালে ২০১৯ সালের তুলনায় ৫৭.৫৪ শতাংশ রপ্তানি প্রবৃদ্ধি হয়েছে।

দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড ২০২১ সালে আগের বছর গুলোর তুলনায় উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে এর পিছনে মূল ভূমিকা রেখেছে গ্রাহকের সাথে নিবিড় সম্পর্ক, বেশকিছু ব্যাংকিং সেবা, যা খুব অল্প সময়ে সর্বোত্তমভাবে প্রদান করা হয়ে থাকে। অন্যদিকে সেবার বিপরীতে বাজারের সাথে সামঞ্জস্যপূর্ণ চার্জ/হার নির্ধারণও গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

ব্যাংকের এক্সপোর্ট ফিন্যান্স ইউনিট শিল্প আমদানিতেও বিশাল অবদান রেখেছে। ২০২০ সালে ব্যাংকের মোট আমদানি ছিলো ১৫,৫৪১.২৪ কোটি টাকা যেখানে তৈরী পোশাক খাতের গ্রাহকরা ৮১৪৭.৫৩ কোটি টাকা অবদান রেখেছেন যা ব্যাংকের মোট আমদানির ৫২.৪২ শতাংশ। ২০২১ সালে এসে ব্যাংকের মোট আমদানি বেড়ে ২৭,০৩৩.৪৫ কোটি টাকা হয়েছে যেখানে তৈরী পোশাক খাতের গ্রাহকরা ১৪,৬০৮.৬৬ কোটি টাকা অবদান রেখেছেন, যা ব্যাংকের মোট আমদানির ৫৪.০৪ শতাংশ। তৈরী পোশাক খাতে ২০২০ সালের তুলনায় ২০২১ সালে ৭৯.৩০ শতাংশ আমদানি প্রবৃদ্ধি হয়েছে।

২০২১ সালে প্রিমিয়ার ব্যাংক লিমিটেডের আমদানি-রপ্তানি মোট বাণিজ্যের পরিমাণ ৪৪,২৪১.৫৩ কোটি টাকা যেখানে তৈরী পোশাক খাতের অবদান ৩১,৮১৬.৭৩ কোটি টাকা এবং ব্যাংকের মোট

নন-ফান্ডেড ব্যবসার মধ্যে তৈরী পোশাক খাতের অবদান ৭১.৯২ শতাংশ।

এছাড়াও ২০২০ সালে ব্যাংকের ঋণ ও অগ্রিম পোর্টফোলিও ছিলো ২১,৩২০.৪৭ কোটি টাকা এবং তৈরী পোশাক খাতের পোর্টফোলিও ছিলো ৭৪২৮.১১ কোটি টাকা যা উক্ত পোর্টফোলিওর ৩৪.৮৪ শতাংশ। ২০২১ সালে ব্যাংকের ঋণ ও অগ্রিম পোর্টফোলিও ২৪,৭৫০.৬৫ কোটি টাকায় দাঁড়িয়েছে, যেখানে তৈরী পোশাক খাতের পোর্টফোলিও ৮,৫৬৪.০৮ কোটি টাকায় পৌঁছেছে যা ব্যাংকের ক্রেডিট পোর্টফোলিওর ৩৪.৬০ শতাংশ।

ইতোমধ্যে, ব্যাংক সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংকের (বিবি) সার্কুলারের অধীনে বিভিন্ন উদ্দীপনা প্যাকেজের মাধ্যমে বাংলাদেশ সরকারের কর্মসূচি বাস্তবায়ন করেছে, যেখানে তৈরী পোশাক খাত চলতি মূলধন অর্থায়নের জন্য সর্বোচ্চ অগ্রাধিকার পেয়েছে এবং তৈরী পোশাক খাতের ৬৯ টি গ্রাহকের অনুকূলে মোট সীমা ২৪৪.০৭ কোটি টাকা অনুমোদন ও বিতরণ হয়েছে। এছাড়া বাংলাদেশ ব্যাংকের উদ্দীপনা প্যাকেজের অধীনে তৈরী পোশাক খাতের কর্মীদের বেতন পরিশোধের জন্য ২২০.৭৮ কোটি অর্থাৎ শতভাগ বিতরণ করা হয়েছে।

স্ট্রেসড পোর্টফোলিও পরিচালনা করা এক্সপোর্ট ফিন্যান্স ইউনিটের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় যা ইউনিটটি সঠিকভাবে পরিচালনা করেছে। ২০২০ সালের তুলনায় ২০২১ সালে এ খাতে এনপিএল শতকরা ০.৫৯ শতাংশ কমেছে যার পরিমাণ ছিলো ৬২.৫৬ কোটি টাকা। ২০২১ সালে তৈরী পোশাক রপ্তানি খাতের আয়ও বেড়েছে ২৭.৭৪ শতাংশ।

এক্সপোর্ট ফিন্যান্স ইউনিটের মূল বৈশিষ্ট্য হলঃ

- ঋণ প্রস্তাবের দ্রুত নিষ্পত্তি নিশ্চিত করা।
- শ্রেষ্ঠ মানের সেবা নিশ্চিত করা।
- পোর্টফোলিও কার্যকরভাবে পর্যবেক্ষণ করা এবং এ কাজে ব্যাংক তৈরী পোশাক খাতের গ্রাহকদের সঠিক স্বাস্থ্য পরীক্ষার জন্য ০৬ জন খাতভিত্তিক অভিজ্ঞ কর্মকর্তা নিয়োগ করেছে।
- নন-ফান্ডেড ব্যবসার উন্নতি করা।
- বাংলাদেশ ব্যাংকের গাইড লাইন অনুযায়ী ফান্ডেড ও নন-ফান্ডেড লোন বেশি বজায় রাখা।

এক্সপোর্ট ফিন্যান্স ইউনিটের ভবিষ্যত কৌশলঃ নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনায় রেখে রপ্তানি ব্যবসা বৃদ্ধিকরণ-

- ট্র্যাক রেকর্ড বিবেচনায় নিয়ে গ্রাহক নির্বাচন।
- ভালো আর্থিক অবস্থান বিবেচনায় নেয়া।
- উদ্যোক্তাদের যাদের ব্যবসার বিষয়ে পর্যাপ্ত অভিজ্ঞতা আছে, তাদের অগ্রাধিকার দেয়া।
- শক্তিশালী মনিটরিং
- কমপ্লায়েন্ট কারখানা সমূহকে অগ্রাধিকার দেয়া।

মূলধন ও অর্থ ব্যবস্থাপনা ইউনিট

প্রাসঙ্গিক ভাবেই মূলধন ও অর্থ ব্যবস্থাপনা ইউনিট ২০২১ সালের চ্যালেঞ্জ গুলোর পূর্বাভাস দিয়েছে যেমন বাংলাদেশ ব্যাংক ঘোষিত সুদহার নিদিষ্টকরণ যা ২০২০ হতে সকল তফসিলী ব্যাংকগুলোর জন্য কার্যকর করা হয়েছে। কিন্তু বিশ্বব্যাপি কোভিড-১৯ মহামারির প্রাদুর্ভাব এবং এর কারণে সমগ্র বিশ্বকে লকডাউন পরিস্থিতির মধ্যে পড়তে হয় তা পুরোপুরি অপ্রত্যাশিত ছিল। স্বাভাবিকভাবেই এই পরিস্থিতি বৈশ্বিক অর্থনীতির গতিকে শ্লথ করে দিয়েছে। তবে এ মহামারিকালে কর্পোরেট ব্যাংকিং বিভাগের সম্মিলিত উদ্যোগ লক্ষণীয় ছিল। পুরোপুরি ভার্চুয়াল হয়ে যাওয়া ও কয়েক সপ্তাহের মধ্যে একটি অপ্রচলিত মডেলে ব্যবসায়িক লেনদেন স্বাভাবিক রাখা সহজ ছিল না। কিছু প্রতিকূলতা সত্ত্বেও গ্রাহক সেবা তথা ব্যাংকিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হয়েছে যা দেশের সার্বিক উৎপাদনশীলতা বজায় রেখেছিল এবং বাংলাদেশ কর্তৃক ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে। দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড কার্যকরভাবে প্রযুক্তির সফল প্রয়োগ নিশ্চিত করেছে।

কর্পোরেট ব্যাংকিং বিভাগের মূলধন ও অর্থ ব্যবস্থাপনা ইউনিট সরকারের নির্দেশনায় সাড়া দিয়ে আমানতের উপর সুদহার পুনঃনির্ধারণ করেছে। সল্ল সুদের আমানত বৃদ্ধিতে বিস্তৃত ইউটিলি বিল সংগ্রহ পরিষেবাতে প্রযুক্তিগত অগ্রগতি, ডিজিটাল ফিন্যান্সিয়াল সার্ভিস "নগদ" এর সাথে যুক্ত হওয়া ছিল লক্ষণীয় প্রচেষ্টা। এমন সব ধারাবাহিক প্রচেষ্টারই স্বীকৃতি স্বরূপ ঢাকা ওয়াসা দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেডকে ২০২০-২১ বিল সংগ্রহে ২য় স্থানে ভূষিত করেছে।

সিএমএসএমই ব্যবসা

মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) শিল্পকে বিশ্বের সর্বত্র অর্থনৈতিক প্রবৃদ্ধির মূল চালিকা শক্তি হিসেবে বিবেচনা করা হয়। বিশ্বের উন্নত ও উন্নয়নশীল দেশগুলোতে টেকসই শিল্পায়নের মাধ্যমে সিএমএসএমই খাত নতুন কর্মসৃজনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বাংলাদেশের প্রেক্ষাপটে, স্বল্প পুঁজি বিনিয়োগ ও কর্মসংস্থানের মাধ্যমে দ্রুত শিল্পায়ন এবং জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য সিএমএসএমই উদ্যোগের কোন বিকল্প নাই। বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি উন্নয়নে সিএমএসএমই খাতের অভূতপূর্ব

অবদানকে বিবেচনায় রেখে দি প্রিমিয়ার ব্যাংক লিঃ সিএমএসএমই গ্রাহকদের বিশেষ ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে ব্যাংকের প্রতিটি শাখা ও প্রধান কার্যালয়ে অভিজ্ঞ কর্মীদের নিয়োগ দেয়া হয়েছে। এছাড়াও সিএমএসএমই গ্রাহকদের ঋণ আবেদন দ্রুত নিষ্পত্তির জন্য আমাদের রয়েছে অভিজ্ঞ ঋণ কর্মকর্তা বৃন্দ যারা অত্যন্ত দক্ষতার সাথে প্রতিটি সিএমএসএমই ঋণ আবেদন যাচাই করে সর্বোচ্চ আর্থিক সেবা স্বল্প সময়ের মধ্যে প্রদান করে থাকেন। সিএমএসএমই গ্রাহকদের ব্যবসা বৃদ্ধি, বৈদেশিক বাণিজ্য, শিল্প যন্ত্রপাতি স্থাপনের জন্য বিভিন্ন প্রকার ঋণ সেবা প্রদান করা হয়। বিতরণকৃত সিএমএসএমই ঋণের অধিকাংশই নানারকম এসএমই শিল্প যেমনঃ তাঁত, হস্তশিল্প, কুটির শিল্প, কাগজের কার্টুন প্রস্তুতকারী, গার্মেন্টস, কৃষি যন্ত্রাংশ, পশুখাদ্য, ক্ষুদ্র ব্যবসা, ইত্যাদি। এছাড়াও এমএসএমই গ্রাহকদের প্রয়োজনীয়তা বিবেচনা করে প্রিমিয়ার ব্যাংক ৪ টি বিশেষ ঋণ সেবা চালু করে, যথা (১) প্রিমিয়ার কুইক ট্রেড (আমাদানী ও রপতানী ব্যবসার সাথে সম্পৃক্ত এসএমই গ্রাহকদের ব্যবসা সম্প্রসারণের জন্য) (২) প্রিমিয়ার ই-জিপি ফাইনান্স (যেসকল এসএমই গ্রাহক ঠিকাদারী ও সরবরাহ ব্যবসার সাথে সম্পৃক্ত তাদের ব্যবসা সম্প্রসারণের জন্য) (৩) প্রিমিয়ার প্রান্তি ওডি (জেনারেল) (৪) প্রিমিয়ার প্রান্তি টার্ম লোন

২০২১ সালে শেষে সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণের মোট স্থিতি ৬৫৭২.৭৬ কোটি টাকা যা ২০২০ সাল থেকে প্রায় ৯.১১% বৃদ্ধি পায়। ২০২১ সালে ব্যাংক এর কৌশলগত উন্নতির কারণেই সিএমএসএমই ঋণের এই অর্জন লাভ করতে সার্বথ্য হয়েছে। জাতীয় অর্থনৈতিক উন্নয়নের জন্য সিএমএসএমই খাতকে অধিকতর সুসংহত করার লক্ষ্যে সিএমএসএমই গ্রাহকদের সর্বোচ্চ গুণগত এবং আন্তরিক ব্যাংকিং সেবা প্রদান করা প্রিমিয়ার ব্যাংকের প্রধান অঙ্গীকার। যার স্বীকৃতি হিসাবে ২০১৮ ইং সালে দি প্রিমিয়ার ব্যাংক লিঃ ইন্টারন্যাশনাল ফাইনান্স ইউকে কর্তৃক ফাস্টেজ গ্রুইং এসএমই ব্যাংক ইন বাংলাদেশ এর অর্ন্তজাতিক সম্মাননা পুরস্কার অর্জন করে। এছাড়াও সম্প্রতি দি প্রিমিয়ার ব্যাংক লিঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত সিএমএসএমই এবং কৃষি খাতের জন্য কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজের আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রার অতিরিক্ত অর্থ সফলতার সাথে বিতরণ করার জন্য বাংলাদেশ ব্যাংক হতে বিশেষ সম্মাননা সনদ অর্জন করে।

ব্যবসার ধরণ	বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত বিতরণের লক্ষ্যমাত্রা [কোটি টাকা]	মোট বিতরণ [কোটি টাকা]	বিতরণ লক্ষ্যমাত্রার সাথে অর্জন %
সিএমএসএমই খাতের জন্য কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজে	৪৮০.০০	৫৪৩.৪৯	১১৩.২৩%
কৃষি খাতের জন্য কোভিড - ১৯ প্রণোদনা প্যাকেজে	৫৫.০০	৬৭.০০	১২১.৮২%

কৃষি বিনিয়োগ

সকলের জন্য খাদ্য সরবরাহ নিশ্চিতের লক্ষ্যে খাদ্য উৎপাদন বৃদ্ধিকল্পে সরকার সর্বোচ্চ প্রাধান্য দিচ্ছে। বাংলাদেশ সরকারের এই নীতিমালার আলোকে বাংলাদেশ ব্যাংক বানিজ্যিক ব্যাংকগুলোর মাধ্যমে কৃষি খাতে অধিকতর বিনিয়োগের কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। এই উদ্যোগকে স্বাগত জানিয়ে প্রিমিয়ার ব্যাংক ২০২০-২০২১ সালে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত কৃষি ঋণ বিতরণের ৩৫৬.০০ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৭২.৩৫ কোটি টাকার কৃষি ঋণ বিতরণ করা হয়েছে। করোনা মহামরিতে ক্ষতিগ্রস্ত কৃষি খাতের জন্য গঠিত ৫০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় প্রিমিয়ার ব্যাংক বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ৬৭ কোটি টাকার কৃষি ঋণ বিতরণ করে। এছাড়াও গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর কৃষি কাজের সাথে সম্পৃক্ত ব্যক্তি এবং আর্থিক সেবা বঞ্চিত সমাজের অতি স্বল্প আয়ের পেশাজীবী, ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, পাড়া/মহল্লা/গ্রাম ভিত্তিক ক্ষুদ্র/অতিক্ষুদ্র উদ্যোক্তা এবং প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত তৃণমূলজনগোষ্ঠীর আয় উৎসারী কর্মকাণ্ডকে বিস্তৃত করার মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি এবং দারিদ্র্য দূরীকরণের মাধ্যমে গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে প্রিমিয়ার ব্যাংক দুটি বিশেষ ঋণ সেবা কার্যক্রম যথাঃ “প্রিমিয়ার সমৃদ্ধি” ও “প্রিমিয়ার গ্রামীণ স্বর্ণভর” এর মাধ্যমে ২০২১ সালে ৬১৫ জন গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে ১২.৪৫ কোটি টাকা সহজ শর্তে ঋণ প্রদান করেছে। কৃষি ঋণ বিতরণ কার্যক্রমকে অধিকতর গতিশীল করার লক্ষ্যে ২০২১ সালে প্রিমিয়ার ব্যাংক ৬ টি স্বতন্ত্র কৃষি ঋণ সেবা চালু করে।

নারী উদ্যোক্তা

সমাজের পিছিয়ে পড়া নারীদের অর্থনৈতিক মুক্তিতে বিশেষ অবদান রাখার লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারী নারী উদ্যোক্তাদের উৎসাহ প্রদান ও তাঁদের ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারণকে ত্বরান্বিত করতে ব্যাংক ঋণ প্রদান করছে। এর আওতায় ঋণ প্রদান কর্মসূচীর মূল উদ্দেশ্যগুলো হচ্ছে-

- ১ স্বনির্ভর নারী উদ্যোক্তাদের অর্থনৈতিক সহযোগিতা প্রদান।
- ২ নারী উদ্যোক্তাদের মধ্যে সঞ্চয়ী মনোভাব তৈরী ও ব্যাংকিং সেবার মাধ্যমে সামাজিক কর্মকাণ্ডে অধিকতর সম্পৃক্ত করা।
- ৩ নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে নারীর ক্ষুদ্র উদ্যোগকে উৎসাহিত করা।
- ৪ দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সক্রিয় ভূমিকা রাখা।

রিটেইল ব্যাংকিং সেবা

যে কোন ব্যাংকের বাহ্যিক দৃষ্টি, বর্ণ, রীতি এবং ধরণ প্রকাশ করে রিটেইল ব্যাংকিং। ২০২১ সালে বিদ্যমান বাজার চাহিদার সাথে সামঞ্জস্য আধুনিক ব্যাংকিং পণ্য ও সেবার অঙ্গীকার নিয়ে আমরা রিটেইল ব্যাংকিং ব্যবসাকে ঢেলে সাজিয়ে সম্প্রসারিত করেছি। গ্রাহকদের সম্ভাব্য সকল আর্থিক সেবা প্রদানের লক্ষ্যে রিটেইল ব্যাংকিং ব্যবসাকে একটি “বিরতিহীন সেবা কেন্দ্র” হিসেবে গড়ে তোলা হয়েছে। সর্বাধিক দক্ষতা ও উৎপাদনশীলতার সমন্বয়ে বিভিন্ন গ্রাহক শ্রেণীকে উন্নত সেবা প্রদানের কথা বিবেচনা করলে ২০২১

সালকে রিটেইল ব্যবসার একটি সফল বছর বলা যেতে পারে। এ বছরে রিটেইল ব্যাংকিং ব্যবসার সম্প্রসারণের লক্ষ্যে বেশ কয়েকটি ক্যাম্পেইনের আয়োজন, ডিরেক্ট সেলস্ টিম নিয়োগ এবং কয়েকটি নতুন আকর্ষণীয় ডিপোজিট ও লোন প্রোডাক্ট চালু করাসহ বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। অবসর প্রাপ্ত গ্রাহক থেকে শুরু করে স্কুলগামী ছেলে মেয়েদের সর্বশেষ চাহিদা পূরণের কথা চিন্তা করে, ২০২২ সালের জন্য রিটেইল ব্যাংকিং ডিভিশন বেশ কিছু নতুন উদ্যোগ গ্রহণ করেছে।

বর্তমানে রিটেইল ব্যাংকিং এর অধীনে সম্পদ ও দায় উভয় পাশে আকর্ষণীয় ডিপোজিট ও লোন প্রোডাক্ট চালু রয়েছে। প্রিমিয়ার ব্যাংকের জমাকৃত পণ্যগুলো হচ্ছে: প্রিমিয়ার সঞ্চয়ী হিসাব, প্রিমিয়ার চলতি হিসাব, প্রিমিয়ার বেতন হিসাব, প্রিমিয়ার জিনিয়া হিসাব, প্রিমিয়ার স্থায়ী হিসাব (এফডিআর), ডাবল বেনিফিট স্কীম (ডিবিএস), মাসিক সঞ্চয়ী প্রকল্প (এমএসএস), মাসিক সঞ্চয়ী প্রকল্প (এমআইএস), শিক্ষা সঞ্চয়ী প্রকল্প (ইএসএস), রেজিস্টার্ড রিটার্নম্যান্ট ডিপোজিট প্রকল্প (আরআরডিপি), সঞ্চয়ী প্রকল্প স্বপ্ন। এছাড়াও আমাদের রিটেইল ঋণের অন্তর্ভুক্ত পণ্য গুলো হল বাড়ি তৈরী/ফ্লাট ক্রয় ঋণ, ব্যক্তিগত গাড়ি ক্রয় ঋণ, ক্রেডিট কার্ড (মাস্টার ও ভিসা কার্ড) প্রভৃতি।

স্কুল ব্যাংকিং এর শুরু থেকেই প্রিমিয়ার ব্যাংক স্কুল ব্যাংকিং সেবা চালু করেছে। বর্তমানে ব্যাংকটি সারাদেশে স্কুল ব্যাংকিং এর সেবাকে সম্প্রসারিত করার লক্ষ্যে কনফারেন্স ও সেমিনার আয়োজন অব্যাহত রেখেছে। বর্তমানে স্কুল ব্যাংকিং একাউন্ট সংখ্যা ৫০,৭৩৬ টি।

স্টুডেন্ট ফাইল সেবার শুরু থেকেই প্রিমিয়ার ব্যাংক স্টুডেন্ট ফাইল সেবা চালু করেছে। ২০২০ সালের শেষের দিকে স্টুডেন্ট ফাইলের সংখ্যা ছিল ৩,০০০ টি বর্তমানে স্টুডেন্ট ফাইলের সংখ্যা ৬,৬১৯ টি।

এজেন্ট ব্যাংকিং

আর্থিক অন্তর্ভুক্তির অন্যতম মাধ্যম হিসেবে এজেন্ট ব্যাংকিং এর রয়েছে ব্যাপক ভূমিকা। ব্যাংকিং সুবিধাবঞ্চিত সাধারণ মানুষের মাঝে সীমিত পরিসরে ব্যাংকিং সেবা পৌঁছে দেয়ার মহৎ চিন্তা-ধারাকে সামনে রেখে ২০১৮ সালের ২৬শে অক্টোবর প্রিমিয়ার ব্যাংক তার এজেন্ট ব্যাংকিং কার্যক্রম শুরু করে।

সংস্থাপন ও পরিচালনা ব্যয় বিবেচনা করে গ্রামের যে সব বাজারে ব্যাংকের শাখা চালু করলে ব্যাংকের জন্য ব্যবসা সফল হওয়ার সম্ভাবনা কম, সেই সকল গ্রামীণ জনপদে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম চালু করার মধ্য দিয়ে ব্যাংক তার নিজস্ব নেটওয়ার্ক বাড়তে পারে। হিসাব খোলা (সঞ্চয়ী, চলতি, স্কীম ও মেয়াদী আমানত), নগদ জমা-উত্তোলন, ফান্ড ট্রান্সফার, রেমিটেন্স প্রদান, বিভিন্ন রকম ফিস সংগ্রহের চলমান কার্যক্রমের সঙ্গে গ্রামের দরিদ্র জনগোষ্ঠীর সাথে সামঞ্জস্যপূর্ণ নিত্য নতুন সেবা চালুর বিষয়ে প্রিমিয়ার ব্যাংক সর্বদা সোচ্চার। রবি আজিয়াটা লিমিটেডের সাথে যৌথ অংশগ্রহণের মাধ্যমে ইতিমধ্যে প্রিমিয়ার ব্যাংক তার এজেন্ট ব্যাংকিং নেটওয়ার্ক সম্প্রসারণের কার্যক্রম হাতে নিয়েছে।

নিরাপদ ও প্রযুক্তিনির্ভর এই এজেন্ট ব্যাংকিং সেবা সম্প্রসারণের মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তির বৃহৎ কর্মকান্ড প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে যেমন সঞ্চয় প্রবৃত্তি গড়ে তোলে তেমনি বেগবান করে গ্রামীন অর্থনীতিকেও। গ্রামীন অর্থনীতি চাঙ্গা হলে, গতিশীল হবে জাতীয় অর্থনীতি"-এই নীতিতে সম্পূর্ণ আস্থা রেখে প্রিমিয়ার ব্যাংক এজেন্ট ব্যাংকিং দৃঢ়ভাবে এগিয়ে যাচ্ছে।

কার্ড ব্যবসা

প্রিমিয়ার ব্যাংক ২০০৪ সাল থেকে বাংলাদেশে ভিসা ইন্টারন্যাশনালের প্রথম সদস্য হিসেবে ভিসা ক্রেডিট ও ডেবিট কার্ড চালু করে। পরবর্তী পর্যায়ে ২০১০ সালে আমাদের ব্যাংক মাস্টারকার্ড প্রিন্সিপাল সদস্যপদ লাভ করার গৌরব অর্জন করে। বিশ্ববাজারে মাস্টারকার্ড এবং ভিসা ক্রেডিট ও ডেবিট কার্ড ব্যবহারে বিভিন্ন প্রোডাক্টের মাধ্যমে এক যুগান্তকারী পরিবর্তন এনে দিয়েছে। ২০২১ সালে আমরা ৩,০৬৯টি ক্রেডিট কার্ড এবং ৫৪,০১৩টি ডেবিট কার্ড ইস্যু করতে সক্ষম হয়েছি। আমরা আমাদের গ্রাহকদের সুবিধার্থে কার্ড প্রচলনের পাশাপাশি মাস্টারকার্ড ও ভিসা কার্ডের জন্য মার্চেন্ট একুয়ারিং (POS) এর নেটওয়ার্ক ইতোমধ্যে সম্প্রসারণ করেছি এবং আগামীতে এর পরিধি আরও বিস্তৃত হবে। ২৪ ঘন্টা নগদ অর্থ উত্তোলনের সুবিধার্থে আমরা এটিএম (ATM) নেটওয়ার্কেরও সম্প্রসারণ করে যাচ্ছি। আমাদের সম্মানিত গ্রাহকদের জন্য সারাদেশে প্রায় ১১০টি এটিএম (ATM) বুথ স্থাপন করেছি। এছাড়াও সম্মানিত গ্রাহকগণ ভিসা ও মাস্টারকার্ড লোগো সম্বলিত এটিএম বুথ থেকে নগদ অর্থ উত্তোলনের সুযোগ পাচ্ছেন এবং প্রবাসে ভিসা ও মাস্টারকার্ড লোগো সম্বলিত যে কোন এটিএম (ATM) বুথ থেকে নগদ অর্থ উত্তোলনের সুযোগ পাচ্ছেন। গ্রাহকের ঝুঁকি কমানো ও নিরাপদে যেন কার্ড ব্যবহার করতে পারেন তার জন্য আমরা ইতোমধ্যে ইএমভি চিপ (EMV Chip) সন্নিবেশিত ভিসা ও মাস্টারকার্ড প্রচলন করেছি।

কার্ড ব্যবসাকে নিরাপদ ও আধুনিকায়ন করার ক্ষেত্রে আমরা নিম্নোক্ত পদক্ষেপ সম্পন্ন করেছিঃ

১. Magstripe কার্ডকে অত্যাধুনিক chip সন্নিবেশিত কার্ডে রূপান্তর।
২. পণ্য ক্রয়ে মাসিক হারে (৩,৬,১২,২৪ মাস) পরিশোধের সুবিধা (EMI) পদ্ধতি।
৩. ক্রেডিট কার্ডের ঋণ বীমার দ্বৈত সুবিধা।
৪. প্রিমিয়ার ব্যাংক এর ব্রাঞ্চ থেকে পস্ (POS) এর মাধ্যমে নগদ অর্থ উত্তোলন এবং এ ক্ষেত্রে সর্বোচ্চ ৪৫ দিনের সুদ মুক্ত সুবিধা প্রদান।
৫. দুই ফ্যাক্টর প্রমাণীকরণ (2FA) ই-কমার্স সার্ভিস প্রদান।
৬. উচ্চ শ্রেণীর গ্রাহকদের বিমান বন্দরে প্রিমিয়ার Lounge এর সুবিধা।
৭. ক্রয় ও নগদ অর্থ উত্তোলনের ক্ষেত্রে নিরাপদ গোপন পিন (PIN) নম্বর সংযোজন।
৮. ২৪ ঘন্টা গ্রাহক সেবার প্রত্যয়ে অত্যাধুনিক কল সেন্টার (১৬৪১১) প্রবর্তন।
৯. ২০২১ অর্থবছরে আমরা ১২.১২ কোটি টাকা মুনাফা অর্জন করতে সক্ষম হয়েছি।

১০. ব্যাংকের ক্রেডিট কার্ড ব্যবহারের জন্য আন্তর্জাতিক মানসম্পন্ন হোটেল রেনেসা গুলশান ঢাকা এর সাথে ১টি কিনলে ১টি ফ্রি উপভোগ করার শর্তে চুক্তি সম্পাদিত।
১১. গত বছরে ক্রেডিট কার্ডের পোর্টফোলিও ১৬২ কোটি টাকায় উন্নীতকরণ।
১২. ই-কমার্স এ মূল্য পরিশোধের দ্বার উন্মোচন।

গ্রাহকের সুবিধার কথা বিবেচনা করে আমরা নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করেছিঃ

১. ক্রেডিট কার্ড গ্রাহকের জন্য কার্ড চেক সুবিধা।
২. Reward Point এর সুবিধা।
৩. কার্ড সিস্টেম পিসিআই-ডিএসএস (PCI-DSS) এ পূর্ণ সার্টিফিকেশনের সহিত উন্নীতকরণ।
৪. অন্যান্য ভ্যালু অ্যাডেড সার্ভিস প্রবর্তন।
৫. অনাদায়ী ঋণ হ্রাস করণে শক্তিশালী ঋণ আদায় পদ্ধতি প্রনয়ণ।
৬. গ্রাহকদের জন্য বিভিন্ন পণ্যের হ্রাসকৃত মূল্যে পরিশোধের সুবিধা।
৭. QR Code Ges Contactless কার্ড চালু করার পদক্ষেপ গ্রহণ।

ইসলামি ব্যাংকিং

দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড ২০০৩ ইং সাল থেকে দু'টি শাখার মাধ্যমে পূর্ণাঙ্গ ইসলামিক ব্যাংকিং সেবা প্রদান করে আসছে; একটি শাখার অবস্থান মহাখালী, ঢাকা এবং অপরটি লালদিঘীর-পাড়, সিলেট। “প্রিমিয়ার তিয়ারাহ্” ব্র্যান্ডের আওতায় শরীয়াহ্ ভিত্তিক নীতির আলোকে আমানত গ্রহণ ও বিনিয়োগ ব্যবস্থাপনার ফলে উক্ত শাখা দুটি উত্তরোত্তর ব্যবসায়িক প্রবৃদ্ধি অর্জন করতে সক্ষম হয়েছে এবং প্রবৃদ্ধির ধারা অব্যাহত রয়েছে। ইতিমধ্যে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন নিয়ে ২০ (বিশ) টি শাখায় ইসলামিক ব্যাংকিং উইন্ডো চালু করা হয়েছে। আরো ৫ (পাঁচ) টি শাখায় ইসলামিক ব্যাংকিং উইন্ডো চালুর জন্য প্রক্রিয়াধীন রয়েছে। গ্রাহকদের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে এসমস্ত উইন্ডো গুলোতে আমানত সংগ্রহের পাশাপাশি বিনিয়োগ সেবা এবং বৈদেশিক বাণিজ্য সেবাও চালু করা হয়েছে। ইসলামিক ব্যাংকিং পরিচালনার জন্য ব্যাংকের একটি পৃথক অ্যাকাউন্টিং সিস্টেম রয়েছে যা প্রচালিত ব্যাংকিং সিস্টেম থেকে সম্পূর্ণ ভিন্ন এবং এটি “অ্যাকাউন্টিং এন্ড অডিটিং অরগানাইজেশন ফর ইসলামিক ফিন্যান্সিয়াল ইন্সটিটিউশন (AAOIFI)” কর্তৃক প্রদত্ত আন্তর্জাতিক মানদণ্ড অনুসারে পরিচালিত।

আমাদের ইসলামিক ব্যাংকিং শাখা সমূহ “আল ওয়াদিয়াহ্” ও “মুদারাবা” পদ্ধতিতে পরিচালিত প্রোডাক্ট-সমূহের মাধ্যমে আমানত সংগ্রহ করে থাকে। উক্ত প্রোডাক্ট-সমূহ মূলত বিদ্যমান বাজার চাহিদা, নতুন বৈশিষ্ট্য যুক্তকরণ এবং সর্বোপরি গ্রাহক সন্তুষ্টি ইত্যাদি বিষয়াদি বিবেচনাপূর্বক চালু করা হয়েছে। বিনিয়োগের ক্ষেত্রে “বাই আল-মুয়াজ্জাল”, “বাই আল-মুরাবাহা”, “বাই আস-সালাম”, “হায়ার পারচেজ আন্ডার শিরকাতুল মিলক (HPSM)”, ইজারাহ্, “মুশারাকা”, “করদ” ইত্যাদি পদ্ধতি সমূহ ব্যবহার করা হয়ে থাকে। কেবল ব্যবসায়িক সফলতা নয়, আমাদের প্রডাক্টসমূহের অন্যতম লক্ষ্য থাকে সমাজে কল্যাণ, ন্যায্যতা এবং সমতা প্রতিষ্ঠায় সহায়তা করা।

ইতিমধ্যে ব্যাংক তিনটি বিশেষ ডিপোজিট প্রডাক্ট চালু করেছে (১). “হজ্জ প্লান স্কীম”-যে সকল গ্রাহক নিকট ভবিষ্যতে পবিত্র হজ্জ পালন করতে ইচ্ছুক; (২). “ক্যাশ ওয়াকফ ডিপোজিট”-যে সকল গ্রাহক সমাজের দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের নিমিত্তে সঞ্চয় করতে আগ্রহী; (৩). সমাজে নারীদের অধিকার সুরক্ষাকল্পে ব্যাংক “মোহর সেভিংস স্কীম” নামে একটি বিশেষ জমা প্রকল্প চালু করেছে যেখানে বিবাহিত/অবিবাহিত ব্যক্তি (পুরুষ) তার স্ত্রীর মোহরানা হক আদায়ের লক্ষ্যে প্রতি মাসে একটি নির্দিষ্ট পরিমাণ টাকা জমা রাখতে সক্ষম হবেন কারণ মোহরানা হক আদায় তার জন্য অবশ্য পালনীয়।

এতদ্ব্যতীত ইসলামিক ব্যাংকিং সেবাকে গণমানুষের দ্বারা পৌঁছে দেয়ার লক্ষ্যে ইতোমধ্যে ব্যাংকের অন্যান্য শাখাতেও “ইসলামিক ব্যাংকিং অনলাইন সেবা” ব্যবস্থা চালু করা হয়েছে। ফলে উল্লিখিত শাখা সমূহ ছাড়াও ব্যাংকের অন্যান্য যেকোন শাখা থেকে গ্রাহকগণ ইসলামিক ব্যাংকিং আমানত হিসাব চালু এবং বিনিয়োগ আবেদন সহ সকল প্রকার সেবা গ্রহণ করতে সক্ষম হচ্ছেন।

আন্তর্জাতিক বাণিজ্য

ট্রেড ফাইনান্স

২০২১ সালে আমদানী ও রপ্তানী বাণিজ্যে ব্যাংক সন্তোষজনক ও স্থিতিশীল অগ্রগতি অর্জন করেছে। ২০২১ সালে প্রিমিয়ার ব্যাংক ২৭০,৩৩৫.৬০ মিলিয়ন টাকার আমদানী বাণিজ্য এবং ১৭২,০৮০.৭০ মিলিয়ন টাকার রপ্তানী বাণিজ্য সম্পন্ন করে যা পূর্ববর্তী বছরের তুলনায় যথাক্রমে ৭৩.৯৪ ও ৫৬.৯৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে। আমদানী ও রপ্তানী বাণিজ্যের নিত্য-নতুন চাহিদা পূরণের জন্য দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তাদের সমন্বয়ে ব্যাংকের ১৮টি অথোরাইজড ডিলার শাখার এবং হেড অফিস ইন্টারন্যাশনাল ডিভিশন এবং সেন্ট্রালাইজড ট্রেড অপারেশনস্ ডিপার্টমেন্ট এর মাধ্যমে সেবা প্রদান করে যাচ্ছে।

করসপন্ডেন্ট ব্যাংকিং

বৈদেশিক বাণিজ্য লেনদেন সহজীকরণের লক্ষ্যে আমাদের ব্যাংক বিশ্বব্যাপী বিভিন্ন বৈদেশিক সহযোগী ব্যাংকের সাথে দ্বিপাক্ষিক সম্পর্ক স্থাপন করেছে। ৩১শে ডিসেম্বর ২০২১ পর্যন্ত বৈদেশিক করসপন্ডেন্টের সংখ্যা ৬০০ টি যা বিশ্বের ১৮৯ টি ব্যাংকের সাথে ৭৯ টি দেশে বিস্তৃত এবং ১২ টি প্রধান বৈদেশিক মুদ্রায় নস্ট্রো অ্যাকাউন্টের সংখ্যা ২৫টি।

অফ-শোর ব্যাংকিং

বেপজা এবং বাংলাদেশ ব্যাংকের অনুমোদন নিয়ে প্রিমিয়ার ব্যাংক অফ-শোর ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। অফ-শোর ব্যাংকিং বৈদেশিক মুদ্রার একটি স্বতন্ত্র ব্যাংকিং ব্যবস্থা যার মাধ্যমে ইপিজেড ও এডি শাখার গ্রাহকগণ বৈদেশিক বাণিজ্য ও বৈদেশিক মুদ্রায় ঋণ সহায়তা পেয়ে থাকেন। প্রবাসী বাংলাদেশী এবং বাংলাদেশে বসবাসকারী বিদেশীরা অফ-শোর ব্যাংকিং ইউনিটে বৈদেশিক মুদ্রা ডিপোজিটের ক্ষেত্রে বিশেষ অগ্রাধিকার পেয়ে থাকেন। আমাদের অফ-শোর ব্যাংকিং ইউনিট থেকে ২০২১ সালে ২২৯.৩৭ মিলিয়ন মার্কিন ডলার ঋণ প্রদান করা হয়েছে যার মাধ্যমে ব্যাংক ৪.৬৪ মিলিয়ন মার্কিন ডলার আয় করেছে।

রেমিটেন্স সেবা

বাংলাদেশী প্রবাসীদের প্রেরিত রেমিটেন্স দেশের অর্থনীতিতে এক গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে। এটি অর্থপ্রদানের ভারসাম্য বজায় রাখতে, বৈদেশিক মুদ্রার রিজার্ভ বাড়াতে, জাতীয় সঞ্চয় বাড়াতে এবং অর্থের গতি বাড়াতে সাহায্য করে। অধিকন্তু, এর প্রবাহ বৈদেশিক সাহায্যের চেয়েও বেশি এবং একইভাবে বৈদেশিক সাহায্যের উপর নির্ভরতা কমাতে সাহায্য করে। বাংলাদেশে সাম্প্রতিক সময়ে রেমিট্যান্স গতি পেয়েছে এবং পোশাক খাতের পরে রেমিট্যান্স বৈদেশিক মুদ্রা আয়ের দ্বিতীয় বৃহত্তম খাত।

বিশ্বে এখন ১০ মিলিয়নের বেশি প্রবাসী বাংলাদেশী কর্মরত আছেন। বাংলাদেশের মোট দেশজ উৎপাদনে (জিডিপি) রেমিট্যান্সের অবদান প্রায় ৬.৭১%।

অর্থনীতিতে প্রবাসীদের অবদানের কথা বিবেচনা করে বৈদেশিক রেমিটেন্সকে প্রিমিয়ার ব্যাংক সর্বোচ্চ গুরুত্ব প্রদান করে। এ পরিপ্রেক্ষিতে প্রিমিয়ার ব্যাংক প্রযুক্তিনির্ভর দ্রুত রেমিটেন্স প্রদান এবং উৎকৃষ্ট গ্রাহকসেবার ব্যবস্থা করেছে। রেমিটেন্স গ্রাহকদের সাহায্য ও সেবার জন্য আমাদের প্রতিটি শাখায় “রেমিটেন্স হেল্প ডেস্ক” রয়েছে। দ্রুত রেমিটেন্স প্রদান নিশ্চিত করার জন্য আমাদের একটি আধুনিক সেন্ট্রাল অপারেশন সিস্টেম রয়েছে। প্রিমিয়ার ব্যাংক বেশিভাগ গ্লোবাল মানি ট্রান্সফার কোম্পানির সাথে করেসপন্ডেন্ট সম্পর্ক স্থাপন করেছে। আমাদের বিশ্বব্যাপী নেটওয়ার্ক এর মাধ্যমে বিশ্বের যেকোন প্রান্ত থেকে এনআরবি গ্রাহকরা ইন্সট্যান্ট ক্যাশ এবং অ্যাকাউন্ট ক্রেডিট উভয় লেনদেন সম্পাদন করতে পারেন।

প্রিমিয়ার ব্যাংক নিজস্ব ১২৪ টি শাখা, ৫০টি উপশাখা নেটওয়ার্ক এবং ৪০০ এর বেশি এনজিও শাখার মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে রেমিটেন্স পৌঁছাতে সক্ষম। এজেন্ট ব্যাংকিং এর শাখাগুলোর মাধ্যমেও রেমিটেন্স সেবা প্রদান করা হচ্ছে। এছাড়া বিইএফটিএন (বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক) এর মাধ্যমে অন্যান্য ব্যাংকের একাউন্ট ক্রেডিট দ্রুত সম্পাদন করা হয়। বৈদেশিক রেমিট্যান্সের প্রবাহ বৃদ্ধি এবং আর্থিক অন্তর্ভুক্তিতে উৎসাহিত করণের লক্ষ্যে রেমিটেন্স গ্রাহকদের জন্য প্রিমিয়ার রেমিটেন্স সেভার্স একাউন্ট খোলা অব্যাহত আছে।

এছাড়া বাংলাদেশ সরকার বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণকে উৎসাহিত করার জন্য সকল বৈধ উপায়ে প্রেরিত ওয়েজ আর্নাস্ রেমিট্যান্সের জন্য ২.৫% নগদ প্রণোদনা ঘোষণা করেছে প্রিমিয়ার ব্যাংক লিমিটেড সকল ওয়েজ আর্নাস্ গ্রাহকদের বৈধ উপায়ে প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে নগদ প্রণোদনা পেতে সহায়তা করছে।

প্রবাসী ও এদের পরিবারবর্গের সম্মানে প্রিমিয়ার ব্যাংক রেমিটেন্স ডিভিশন প্রতিবছর প্রবাসী পল্লী মেলা / রেমিটেন্স উৎসব আয়োজন করে থাকে। ২০২১ সালে প্রিমিয়ার ব্যাংক রেমিটেন্সের ক্ষেত্রে ৯১% প্রবৃদ্ধি অর্জন করেছে। ২০২২ সালে নতুন রেমিটেন্স চুক্তি ও রেমিটেন্স প্রবাহ বৃদ্ধিতে আমাদের প্রচেষ্টা অব্যাহত থাকবে।

ট্রেজারী কার্যক্রম

প্রিমিয়ার ব্যাংকের রয়েছে একটি সুসজ্জিত ট্রেজারী বিভাগ। অত্যাধুনিক অনলাইন সংযোগের মাধ্যমে আমাদের গ্রাহকদের দ্রুত ও উৎকৃষ্ট সেবা নিশ্চিত করতে ট্রেজারী বিভাগ সর্বদা নিয়োজিত।

ট্রেজারী বিভাগ সব সময়ই প্রিমিয়ার ব্যাংকের মুনাফা অর্জনের একটি গুরুত্বপূর্ণ শাখা হিসেবে বিবেচিত। আলোচ্য ২০২১ সালেও এই ধারা বজায় রেখেছে ট্রেজারী বিভাগ। আমাদের রয়েছে স্বতন্ত্র ফ্রন্ট, ব্যাক এবং মিড অফিস। যা বাংলাদেশ ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনার সাথে সঙ্গতি রেখে পরিচালনা করা হয়। দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন ডিলাররা আন্তঃব্যাংক লেনদেন এবং বৈদেশিক মুদ্রা বিনিময় বাজারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের মাধ্যমে ব্যাংকের উন্নয়নে অবদান রাখছে।

ঋণ আদায় ও আইন বিভাগ

ব্যাংকের ঋণ আদায়ের লক্ষ্যে একজন সিনিয়র নির্বাহীর নেতৃত্বে ব্যাংকে একটি সম্পূর্ণ স্বাধীন ও নিবেদিত ঋণ আদায় বিভাগ রয়েছে। যেখান থেকে ব্যাংকের খেলাপী ও অবলোপনকৃত ঋণগুলোকে যথাযথ ভাবে পর্যবেক্ষণ করছে এবং আদায়ের নিমিত্তে নিরলস পরিশ্রম করে যাচ্ছে সাথে সাথে আইনানুগ ব্যবস্থা গ্রহণ, ঋণের গুণগতমান উন্নয়নের চেষ্টা এবং খেলাপী ও অবলোপনকৃত ঋণ সমূহ আদায় নিশ্চিত করছে। এছাড়াও ব্যাংকের সমস্যায়ুক্ত ঋণ হিসাবগুলো নিষ্পত্তির লক্ষ্যে উচ্চ পর্যায়ের ব্যবস্থাপনা টিম সার্বক্ষণিক নিরলস ভাবে কাজ করে যাচ্ছে।

তাছাড়াও, একজন অবসরপ্রাপ্ত জেলা জজ-এর নেতৃত্বে আলাদা একটি আইন বিভাগ সার্বক্ষণিক কাজ করে যাচ্ছে। ব্যাংকের খেলাপী ও অবলোপনকৃত ঋণ সমূহ আদায়ের লক্ষ্যে প্রচলিত আইন ও নীতি অনুযায়ী আইনী পদক্ষেপসহ গ্রাহকের বিরুদ্ধে মামলা দায়ের, পরবর্তিতে মামলা পরিচালনা, সঠিক আইনজীবিকে মামলা পরিচালনায় নিযুক্ত করা এবং সল্প সময়ে মামলা নিষ্পত্তির লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

খেলাপী ও অবলোপনকৃত ঋণ সমূহ আদায়ের লক্ষ্যে ঋণ আদায় বিভাগ ও আইন বিভাগ একসাথে কাজ করে যাচ্ছে এবং ভবিষ্যতে খেলাপী ও অবলোপনকৃত ঋণ আদায় আরোও গতিশীল হবে এটাই আশা করছি।

প্রিমিয়ার ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড (ব্যাংকের সাবসিডিয়ারী কোম্পানী)

প্রিমিয়ার ব্যাংক “প্রিমিয়ার ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড” নামক সাবসিডিয়ারী কোম্পানী প্রতিষ্ঠার মাধ্যমে ব্রোকারেজ কার্যক্রম পরিচালনা করছে যা ব্যাংকের আয়ের একটি অন্যতম চালিকাশক্তি হিসেবে অবদান রাখছে। পুঁজিবাজারে বিনিয়োগকারীকে সঠিক তথ্য ও পরামর্শ প্রদানের মাধ্যমে সর্বোত্তম সেবা প্রদান নিশ্চিত করার জন্য দক্ষ ও অভিজ্ঞ পেশাজীবী ও বাজার বিশেষজ্ঞদের সমন্বয়ে “প্রিমিয়ার ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড”-এর কার্যক্রম পরিচালিত

হচ্ছে। ২০২১ সালে প্রিমিয়ার ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড এর সুদ আয় অর্জন করে ১৫১.৮৪ মিলিয়ন টাকা এবং কমিশন আয় রেকর্ড করা হয় ২২৪.৬৪ মিলিয়ন টাকা।

আমাদের ব্রোকারেজ ব্যবসা পরিচালনার মূল উদ্দেশ্য হচ্ছে:

১. পুঁজিবাজারে শেয়ার ও সিকিউরিটিজ লেনদেন সহজতর করা।
২. শেয়ার লেনদেনের হিসাব নিকাশ ও নিরাপত্তা নিশ্চিত করা।
৩. প্রবাসী বাংলাদেশি ও বিদেশি বিনিয়োগকারীদের সহযোগিতা প্রদান করা।
৪. দেশের পুঁজিবাজারের উন্নয়নের স্বার্থে বিশ্লেষণ ও গবেষণা কার্যক্রম পরিচালনা করা।
৫. পুঁজিবাজারের বিনিয়োগকারীদের মার্জিন ঋণ প্রদান করা।

তথ্য প্রযুক্তি

নতুন স্বাভাবিক সময়ের শুরু হয়েছে কিন্তু কোভিড-১৯ এর রেশ রয়েছে। আমাদের এখনও সতর্কতা নিতে হয় এবং এক্ষেত্রে তথ্য ও প্রযুক্তি অনেকেংশের সহায়তা করে যাচ্ছে। প্রিমিয়ার ব্যাংকের আইটি ডিভিশন এক্ষেত্রে সফলতার সাথে দায়িত্ব পালন করে যাচ্ছে।

কোর ব্যাংকিং সিস্টেমের উন্নয়ন এবং নতুন মডিউল সংযোজন ‘সেবাই প্রথম’ একটি ধারাবাহিক প্রক্রিয়া। এই ধারাবাহিকতায় আমাদের কোর ব্যাংকিং সিস্টেমে প্রতিনিয়ত উন্নত সেবা প্রদানের প্রচেষ্টা চলতে থাকে। ২০২১ সালে ইসলামিক ও কনভেনশনাল ব্যাংকিং এর জন্য আমাদের হেড অফিস জিএল সমূহে ভিন্নতা আনা হয়েছে। আমাদের সকল এফডিআরে পরিচালন পরিবর্তন আনা হয়েছে। যার ফলে এখন ব্যক্তিক এবং প্রাতিষ্ঠানিক এফডিআর এর জন্য ভিন্ন ভিন্ন ভাবে তথ্য প্রাপ্তি সহজ হবে।



এছাড়াও আমাদের কোর ব্যাংকিং সিস্টেমের হার্ডওয়্যার-এর উন্নয়ন করে ODA X8-২ এ উন্নীত করা হয়েছে। এই পরিবর্তনের ফলে আগের যেকোন সময় অপেক্ষা দ্রুততর সেবা প্রদান করে যাচ্ছে।



সেবার নতুন দিগন্তঃ মোবাইল ফাইন্যান্স, চালান এবং ভ্যাট সেবা আমরা সবসময় আমাদের গ্রাহকদের সকল সম্ভাব্য সেবা প্রদানে বদ্ধ পরিকর। সেই ধারণা থেকে ২০২১ সালে আমরা বেশ কিছু নতুন সেবা যুক্ত করতে পেরেছি। বর্তমানে আমাদের ইন্টারনেট ব্যাংকিং এবং অ্যাপ ব্যবহারকারীরা তাদের অ্যাকাউন্ট থেকে সরাসরি মোবাইল ব্যাংকিং সেবা নগদে টাকা পাঠাতে পারছেন। এছাড়াও অটোমেটেড চালান সেবার আওতায় সরাসরি ঘরে বসে সরকারি কোষাগারে টাকা জমা দিতে পারছেন। বর্তমানে আমাদের যেকোন শাখার মাধ্যমে কাস্টম ডিউটি ও ভ্যাট পরিশোধের সেবা পাচ্ছেন।

আরো সেবা, আরো সুবিধাঃ

২০২১ সালে বেশকিছু নতুন সুবিধাদি যোগ করা হয়েছে। ইন্টারনেট ব্যাংকিং ও মোবাইল অ্যাপ গ্রাহকেরা এখন আরটিজিএস সেবা পাচ্ছেন ব্যাংক শাখায় না এসে। মুহূর্তেই বড় অংকের টাকা পাঠানো যাচ্ছে অন্য ব্যাংকে এর মাধ্যমে। এছাড়াও ইন্টারনেট ব্যাংকিং ও মোবাইল অ্যাপ এর মাধ্যমে প্রিমিয়ার ব্যাংকের ক্রেডিট কার্ডের বিল পরিশোধ করা যাচ্ছে মুহূর্তেই। আমাদের এসএমএস সেবা সুবিধার উন্নয়ন করা হয়েছে যাতে মাসিক সঞ্চয়ী অ্যাকাউন্ট এবং লোন অ্যাকাউন্ট এর গ্রাহকেরাও বর্তমান স্থিতি সহ এসএমএস পাচ্ছেন প্রতি লেনদেন এর পর। NESCO এর পোস্টপেইড এবং প্রিপেইড বিল জমা নেওয়া হচ্ছে। ওয়াসা'র নতুন সংযোগের ফি জমা নেয়া হচ্ছে।

তৃণমূল গ্রাহকদের জন্য নতুন সেবা

আমাদের এজেন্ট ব্যাংকিং এর মূল লক্ষ্য ব্যাংকিং সেবার আওতার বাইরে থাকা বিপুল জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবা প্রদান করা। ২০২১ সালে আমরা আরো নতুন পরিসরে আমাদের এই সেবার বিস্তার করেছি। এজেন্টদের মাধ্যমে গ্রাহকেরা ই-পাসপোর্ট ফি পরিশোধ করতে পারছে। প্রত্যন্ত এলাকা থেকে গ্রাহকেরা দেশের যেকোন ব্যাংক অ্যাকাউন্ট-এ টাকা পাঠাতে পারেন বিএফটিএন এর মাধ্যমে।

কোভিড-১৯ পরিস্থিতিতে ওয়ার্ক ফ্রম হোম

কোভিড-১৯ দীর্ঘ মেয়াদী হয়ে ২০২১ সালেও স্থায়ী হয়েছে। পরিবর্তিত পরিস্থিতির সাথে আমাদের দ্রুত মানিয়ে নিতে হয়েছে সেবা চলমান রেখেই। ব্যাংক এর ২০২১ সালে বার্ষিক সাধারণ সভা (এজিএম) পুরোটাই অনলাইনে সম্পন্ন করা হয়েছে। যাতে সকল অংশীজন এবং শেয়ারহোল্ডার অনলাইনে যুক্ত হয়েছিলেন। এই আয়োজনের জন্য আইটি ডিভিশন প্রয়োজনীয় সিদ্ধান্ত, পরিচালনা নিয়েছিলেন। এছাড়াও প্রয়োজনীয় কর্মীদের ভিপিএন সেবা দেওয়া হয়েছে যাতে করে বাসা থেকে কার্যবলী সম্পন্ন করতে পারে। উল্লেখ্য যে, ২০২১ সালে আইটি ডিভিশনের আয়োজনে, এমএস টিমের মাধ্যমে ২৭১ টি অনলাইন সভার আয়োজন করে হয়েছে।

অন্যান্য উল্লেখযোগ্য কার্যবলীঃ

- ১১০০টিরও অধিক কম্পিউটারে উইন্ডোজ ৭ হতে উইন্ডোজ ১০ এ উন্নীত করন।
- এসএসএল সার্টিফিকেট সংস্থাপন।
- বাংলাদেশ ব্যাংক এর জন্য পৃথক ফায়ারওয়াল স্থাপন।
- এ্যাপিকেশন হোয়াট লিস্টিং স্যালুশন।
- মাইক্রোসফট ৩৬৫ ই৩

চলমান মূখ্য কিছু কার্যক্রমঃ

- এনপিওএসবি সংযোগ।
- কিউআর কোড পেইমেন্ট ব্যবস্থা।
- মার্চেন্ট পেইমেন্ট।
- কোর ব্যাংকিং-এ সেন্ট্রাল ট্রেড অপারেশন মডিউল
- সিএমএস উন্নীত-করন।
- ঘরে বসে অ্যাকাউন্ট খোলার জন্য ই-কেওয়াসি
- আইএসও ২৭০০১:২০১৩ বাস্তবায়ন।
- বিকাশ এর সাথে সংযুক্তিকরণ।

কিছু আসন্ন কার্যক্রমঃ

- পিসিআই-ডিএসস সার্টিফিকেট অর্জন
- ওয়্যাফ (ওয়েব এ্যাপিকেশন ফায়ারওয়াল)
- আইডিটিপি
- আইটি এ্যাসেট ম্যানেজমেন্ট স্যালুশন।
- হেল্প ডেস্ক স্যালুশন।
- ভিএপিটি কার্যক্রম
- প্যাম স্যালুশন।
- সিম স্যালুশন।
- সিকিউরিটি অপারেশন্স সেন্টার
- অডিট মনিটরিং সিস্টেম।

আইটি সিকিউরিটি ও গভর্নেন্স

“আইটি সিকিউরিটি ও গভর্নেন্স” বলতে একটি ব্যবস্থাপনাকে বুঝায় যেখানে একটি প্রতিষ্ঠানের আইটি সিকিউরিটি-এর দিক নির্দেশনা এবং নিয়ন্ত্রন ব্যবস্থাপনা পরিচালিত হয়। আইটি সিকিউরিটি গভর্নেন্স নিশ্চয়তা প্রদান করে যে সিকিউরিটি কৌশল গুলো ব্যবসায়িক উদ্দেশ্য ও প্রবিধানের সঙ্গে সঙ্গতিপূর্ণ। আইটি সিকিউরিটি হচ্ছে তথ্যের সুরক্ষা এবং কৌশলী উপাদান, যার মধ্যে ব্যবহৃত সিস্টেম এবং হার্ডওয়্যার অন্তর্ভুক্ত, যেগুলো তথ্য জমা এবং প্রেরণের কাজে ব্যবহৃত হয়। এটা সুরক্ষা দেয় সকল তথ্য এবং তথ্য ব্যবস্থাপনাকে সকল অনধিকার প্রবেশ, ব্যবহার, প্রকাশ, ভাঙ্গন, অদলবদল, রেকর্ডিং অথবা ধ্বংস থেকে। ইনফরমেশন সিকিউরিটিজ এর প্রধান উপাদান হচ্ছে সার্বিক ভাবে গ্লোবালাইজেশন অফ ইনফরমেশন সিস্টেম, হ্যাকারদের হুমকি, জালিয়াতি এবং অন্যান্য তথ্য সম্পর্কিত ঝুঁকি। প্রিমিয়ার ব্যাংক লিমিটেড কাজ করছে নিরাপদ তথ্য প্রযুক্তি পরিবেশ তৈরি করতে যেটা গঠন করছে তথ্য প্রযুক্তি পরিচালনা ব্যবস্থাপনা যা নিশ্চিত করে নিরাপদ ব্যাংকিং সেবা।

২০২১ সালের গুরুত্বপূর্ণ অর্জনসমূহঃ

- আইএসও ২৭০০১ বাস্তবায়নে চুক্তি সম্পন্ন করা।
- পেনিট্রেশন টেস্টিং এর জন্য বহিঃ সংস্থার সঙ্গে চুক্তি কার্যক্রম শুরু করা।
- অনুমোদিত সফটওয়্যার নিজস্ব ব্যবস্থায় ভালনারিবিলিটি অ্যাসেসমেন্ট করা।
- নিম্নোক্ত সিস্টেমের তথ্য নিরাপত্তা ঝুঁকি মূল্যায়নঃ

- ১) ব্যাচ সলিওশন
- ২) ই-ডক সলিওশন
- ৩) পি-মানি সলিওশন
- ৪) এজেন্ট ব্যাংকিং সলিওশন
- ৫) সুইফট সলিওশন
- ৬) এটিএম অবকাঠামো

- বর্তমান ক্যামেল রেটিং এর আওতাধীন সাইবার সিকিউরিটি'র নিজস্ব গ্রোডিং করা।
- ব্যাংকের তথ্য প্রযুক্তি ব্যবস্থার দুর্বলতা ব্যবস্থাপনার নতুন প্রযুক্তি ক্রয়।
- নেটওয়ার্ক ডিভাইস এবং সার্ভারের নিরাপত্তা লগ ব্যবস্থাপনা।
- প্রিমিয়ার ব্যাংক অফিসিয়ালদের তথ্য নিরাপত্তা বিষয়ক সচেতনতা প্রশিক্ষণ পরিচালনা।
- ব্যবসার ধারাবাহিকতা পরিকল্পনা বিষয়ক নথি প্রস্তুত করা।

আসন্ন পরিকল্পনাসমূহ:

- ব্যাংকের ISO 27001 সনদ অর্জন।
- SIEM এবং SOC টুল সেবা হিসেবে বাস্তবায়ন।
- প্রিভিলেজ অ্যাক্সেস ম্যানেজমেন্ট (PAM) সংস্থাপনের সূচনা করা।
- ব্যাংকের অতি গুরুত্বপূর্ণ অ্যাপিকেশন, সিস্টেম, নেটওয়ার্ক, সার্ভার, ডাটাবেজ ব্যবস্থার পেনিটেশন টেস্টিং।
- ব্যাংকের আইসিটি পলিসি এর ৪র্থ সংস্করণ এর পর্যালোচনা এবং অনুমোদন।
- বর্তমানে চলমান কার্ড ম্যানেজমেন্ট সিস্টেমের মাইগ্রেশনের পরবর্তীতে PCI-DSS বাস্তবায়নের সূচনা করা।
- ব্যাংকের কর্মকর্তাগণের নিরাপত্তা সচেতনতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ প্রদান।
- ইনফরমেশন সিকিউরিটি প্ল্যানিং এবং ডিজাইনিং এর সাথে সামঞ্জস্যভাবে চলমান ইনফরমেশন সিস্টেম এর অনুশীলন এবং বাস্তবায়ন।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন

যে কোন কার্যক্রমের ত্রুটি থেকে যেমন ঝুঁকি সৃষ্টি হতে পারে তেমনি সঠিক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ এবং নিরীক্ষার অভাব থেকে উদ্ভব হতে পারে বড় কোন অনিয়ম। এ ক্ষেত্রে ভাল নিয়ন্ত্রণ ব্যবস্থা পেশাদারিত্ব, দক্ষতা, আইনী বাধ্যবাধকতার প্রতিপালন, সঠিক প্রতিবেদন ব্যবস্থার উন্নয়ন এবং অনিয়ম প্রতিরোধের প্রয়োজনীয় ক্ষেত্র প্রস্তুত করে। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও নিরীক্ষা শুধু নিয়মিত কর্ম সম্পাদনকেই নির্দেশ করে না বরং তা সম্পাদিত কর্মের যৌক্তিকতা ও সঠিকতাকে নিরূপণ করে। এই ধরনের নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা কর্মজীবনে দায়বদ্ধতা ও স্বচ্ছতার এক অনুকূল পরিবেশ তৈরি করে।

আধুনিক ব্যাংক ব্যবস্থাপনা এবং তদারকী মূলতঃ নিবন্ধ থাকে বিভিন্ন বিষয়ের ঝুঁকি ও এর নিয়ন্ত্রণের উপর। প্রিমিয়ার ব্যাংক সম্ভাব্য সব ধরনের ঝুঁকি নিয়ন্ত্রণের জন্য সমন্বিত ব্যবস্থা গ্রহণ করেছে।

সম্প্রসারিত ঝুঁকের বিপরীতে আগামী প্রতিবন্ধকতাগুলোকে বিবেচনা করে প্রিমিয়ার ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের নীতিমালার সঙ্গে সঙ্গতি রেখে ঝুঁকির প্রয়োজনীয় বিধিবিধান ও নির্দেশনাবলী প্রস্তুত করেছে। অনিয়মিত হিসাব সমূহকে সঠিকভাবে তত্ত্বাবধানের জন্য প্রিমিয়ার ব্যাংকে রয়েছে একটি পৃথক ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ। ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগের নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট নিয়মিতভাবে বিভিন্ন শাখা ও প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগসমূহে নিরীক্ষা ও পরিদর্শন শেষে প্রতিবেদন দাখিল করে। তাছাড়া ডিপার্টমেন্টাল কন্ট্রোল ফাংশন চেকলিস্ট, ট্রেমাসিক অপারেশনাল বিবরণী, জাল জালিয়াতি রোধে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের নিজস্ব যাচাই, লোন ডকুমেন্টেশন চেকলিস্ট প্রভৃতিকে ব্যাংকের সম্ভাব্য সকল কার্যক্রম উদ্ভূত ঝুঁকি মোকাবেলায় সুনিপুনভাবে প্রস্তুত করা হয়। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও নিরীক্ষা কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন নীতিমালা প্রস্তুত করা হয়েছে, যা বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং -০৩/২০১৬ তারিখ: ০৮.০৩.২০১৬ এবং ০৬/২০১৬ তারিখ: ০৪.০৯.২০১৬ এর নির্দেশনা অনুসারে প্রস্তুতকৃত।

প্রিমিয়ার ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগ ব্যাংক ব্যবস্থাপনার এক অবিচ্ছেদ্য অংশ যা স্বাধীনভাবে কাজ করে এবং এটি নিরাপদ ও সঠিক কার্যক্রমের ভিত্তিস্বরূপ। এই বিভাগের কর্মবিন্যাসকে নিম্নেবর্ণিত শ্রেণীতে বিভক্ত করা যায়ঃ

১. কর্মভিত্তিক উদ্দেশ্য : কর্মদক্ষতা ত্বরান্বিতকরণ এবং কর্মসম্পৃক্ততার সক্রিয়করণ।
২. তথ্যভিত্তিক উদ্দেশ্য : আর্থিক ও ব্যবস্থাপনা তথ্যাবলীর নির্ভরযোগ্যতা ও যুগোপযোগিতা নিশ্চিতকরণ।
৩. পরিপালন উদ্দেশ্য : নিয়ন্ত্রণমূলক ও প্রায়োগিক আইনী কাঠামোর আনুগত্য পরিপালন।

আমাদের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগকে একজন উচ্চ পর্যায়ের এক্সিকিউটিভ এর নেতৃত্বে অত্যন্ত দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তাদের সমন্বয়ে তৈরি করা হয়েছে। বিভাগীয় প্রধান এর মূল কর্মকর্তাদের মধ্যে পড়ে ব্যাংকের নিরীক্ষা, পরিদর্শন ও মনিটরিং এবং পরিপালন কার্যাবলীর সঠিক মূল্যায়ন এবং ঝুঁকি বিশ্লেষণ। এই বিভাগটি তিনটি সুনির্দিষ্ট ইউনিটে বিভক্ত - (১) নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট (শরীয়াহ্ অডিট ও আইটি অডিট ইউনিটসহ), (২) পরিপালন ইউনিট এবং (৩) মনিটরিং ইউনিট।

পরিপালন ইউনিট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নিয়ন্ত্রণমূলক বাধ্যবাধকতা নিশ্চিত করে। এই ইউনিটটি প্রধান নিয়ন্ত্রক প্রতিষ্ঠানসমূহের সাথে যোগাযোগ রক্ষা এবং যে কোন বিধিসম্মত পরিবর্তন অন্যান্য বিভাগকে অবহিত করে। মনিটরিং ইউনিট ব্যাংক শাখায় যাবতীয় কার্যক্রমকে অবলোকন করে। কার্যক্রমের যে কোন বিচ্যুতি ধরা পড়লে তা তাৎক্ষণিকভাবে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগের প্রধানের কাছে উপস্থাপন করে। নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট সাধারণত নিয়মিত ও বিশেষ নিরীক্ষা কার্য সম্পাদন করে। নিরীক্ষা ও পরিদর্শন ইউনিটের নিরীক্ষাকৃত বিভিন্ন কার্যক্রম যথানিয়ত বোর্ড অডিট কমিটিতে পর্যালোচনা করা হয়ে থাকে এবং পর্যালোচনা করতঃ বিভিন্ন নির্দেশনা প্রদানের পরিপ্রেক্ষিতে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।

অভ্যন্তরীণ নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট ব্যাংকের বিভিন্ন অপারেশনাল রিস্ক এর মোকাবেলায় নিয়মিতভাবে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনায় ব্যাংকের নীতি, ম্যানুয়াল ও নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হয় কি না - তা নিয়মিতভাবে পর্যবেক্ষণ করে থাকে। তাছাড়া ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন সিদ্ধান্তের বাস্তবায়নের অবস্থাও নিরীক্ষা করে থাকে। ২০২১ সালে নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট ব্যাংকের বিভিন্ন শাখা ও প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগসমূহে সর্বমোট ১৩৯ বার বিশদ, ৬৮ বার বিশেষ (বিষয়ভিত্তিক), ০১ বার আকস্মিক, ১২ বার ষাণ্মাসিক, ১৯ বার ত্রৈমাসিক, ১৮ বার দুই মাস অন্তর এবং ২৭ বার মাসিক নিরীক্ষা ও পরিদর্শন সম্পন্ন করেছে ও বিভিন্ন অনিয়ম দূরীকরণের সুপারিশসহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কাছে প্রতিবেদন দাখিল করেছে। উল্লেখ্য যে, করোনাকালীন ও স্বল্প-ব্যয়কিং সময়কালে ৩১ বার অফ-সাইট সুপারভিশন নিরীক্ষা করে বিভিন্ন অনিয়ম দূরীকরণকরত: প্রতিবেদন দাখিল করেছে। এছাড়া, বাংলাদেশ ব্যাংকের আইসিটি নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হয় কি-না তাও ব্যাংকের আইটি অডিট ইউনিট বিভিন্ন শাখা ও প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগসমূহে ১১৭ বার নিরীক্ষা ও পরিদর্শন সম্পন্ন করেছে।

এছাড়াও, ২০২১ সালে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রেরিত মোট ৯০টি বিভিন্ন পরিদর্শন প্রতিবেদন ও ফলো-আপ চিঠি প্রিমিয়ার ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগের হস্তগত হয় এবং সেগুলোর যথাযথ পরিপালন ও জবাব নির্দিষ্ট সময়ের মধ্যে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হয়।

ঝুঁকি ব্যবস্থাপনা

ব্যাংকিং কার্যক্রম পরিচালনায় ব্যাংক নানাবিধ ঝুঁকির সম্মুখীন হয় যার মধ্যে (১) ঋণ ঝুঁকি, (২) তরল্য ঝুঁকি, (৩) বাজার ঝুঁকি, (৪) পরিচালন ঝুঁকি, (৫) মানি লন্ডারিং ও সন্ত্রাস অর্থায়ণ ঝুঁকি ও (৬) তথ্য প্রযুক্তি ও যোগাযোগ ঝুঁকি বিশেষভাবে উল্লেখযোগ্য। এই সমস্ত ঝুঁকি চিহ্নিতকরণ ও তা নিরসন এর উপর ব্যাংকের ব্যবসায়িক সাফল্য নির্ভরশীল। ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা এই সমস্ত ঝুঁকি চিহ্নিতকরণ ও পরিমাপের মাধ্যমে ব্যাংক ব্যবস্থাপনাকে যথাসময়ে যথাযথ নীতি প্রণয়ণ ও কার্যক্রম গ্রহণে সহায়তা করে ব্যাংকের সার্বিক লক্ষ্য অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

প্রিমিয়ার ব্যাংকে ঝুঁকি ব্যবস্থাপনা সর্বদাই প্ররোচক এবং স্বপ্রনোদিত কর্মকাণ্ড হিসেবে বিবেচিত হয়েছে যার মূল উদ্দেশ্য হচ্ছে ঝুঁকি এবং উপার্জন এর মধ্যে একটি সুসম্পর্ক তৈরী করা। আর এই উদ্দেশ্য সফল করতেই প্রিমিয়ার ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ নিরলস কাজ করে চলেছে। দীর্ঘ ব্যাংকিং কার্যক্রম পরিচালনার অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে প্রিমিয়ার ব্যাংক ঝুঁকি ব্যবস্থাপনাকে ঢেলে সাজিয়েছে। ঝুঁকি ব্যবস্থাপনাকে নিয়ন্ত্রণমূলক বিধিবিধানের চেয়ে কর্পোরেট সংস্কৃতি হিসেবে বেশি মূল্যায়ন করা হয়। ঝুঁকি ব্যবস্থাপনা ব্যাংকের সকল অংশে আদর্শ ও উন্নত অনুশীলন ব্যবস্থা প্রতিষ্ঠায় ভূমিকা রাখে। এ ক্ষেত্রে ব্যাংক শেয়ারহোল্ডারদের যথাযথ মূল্য এবং কর্পোরেট কৌশলের উন্নয়নকে ধারণ করতে একটি সঙ্গতিপূর্ণ ঝুঁকি ব্যবস্থাপনা কাঠামো তৈরি করেছে।

ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ধারা ১৫ (খ) অনুযায়ী, ব্যাংকের ৫ (পাঁচ) জন পরিচালনা পর্ষদের সদস্যদের সমন্বয়ে একটি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে। কমিটি সম্ভাব্য ও উঠতি ঝুঁকি নিরসন এবং পরিচালনা পর্ষদ কর্তৃক প্রণীত নীতি ও কৌশল বাস্তবায়নে কার্যকর ভূমিকা পালন করে।

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী একটি পৃথক ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ তৈরি করা হয়েছে। এই বিভাগ অন্য ব্যবসায় সংশ্লিষ্ট বিভাগগুলো থেকে সম্পূর্ণ পৃথক থেকে ঝুঁকি বিশ্লেষণের কাজ করে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ দিয়ে সাহায্য করে। ব্যবসায় ইউনিট এবং ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের মধ্যে আলোচনার মাধ্যমে ঝুঁকি এবং মুনাফার প্রয়োজনীয় ভারসাম্য বজায় রাখার বিষয়টিকে ব্যাংক সবসময় প্রাধান্য দিয়ে এসেছে।

ঋণ ঝুঁকি

বিতরণকৃত ঋণের বিপরীতে আগামী চ্যালেঞ্জগুলিকে বিবেচনা করে প্রিমিয়ার ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের নীতিমালার সঙ্গে সঙ্গতি রেখে ঋণ ঝুঁকি ব্যবস্থাপনার প্রয়োজনীয় বিধিবিধান ও নির্দেশনাবলী প্রস্তুত করেছে। বিদ্যমান ও সম্ভাব্য গ্রাহকদের সঠিক মূল্যায়নের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত আই সি আর আর এস অনুসরণ পূর্বক রিস্ক রেটিং সম্পাদন করে। অদৃষ্ট এবং সম্ভাব্য ঝুঁকি মোকাবেলায় এটিকে উৎকৃষ্ট ঢাল বলা যেতে পারে। দেশে ও বাইরে ঝুঁকির পরিবর্তিত প্রেক্ষাপটে যথাযথ মানব সম্পদের উন্নয়নে প্রয়োজনীয় প্রশিক্ষণ দেয়া হচ্ছে। আমাদের ঝুঁকি ব্যবস্থাপনার কৌশল হিসেবে আমরা ঋণ বিপণন, ঋণ অনুমোদন ও ঋণ প্রশাসন কার্যক্রমকে সম্পূর্ণ পৃথক ও স্বতন্ত্র রেখেছি।

ঋণ বিপণন বিভাগ প্রথমতঃ ঋণ প্রস্তাব আহরণপূর্বক প্রাথমিকভাবে যাচাই বাছাই করে ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করে। পরবর্তীতে ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ ঋণ প্রস্তাব সমূহ পূর্বাপর পরীক্ষা নিরীক্ষা করে গ্রাহকের ঋণ যোগ্যতা ও ঋণ পরিশোধের সক্ষমতা সম্পর্কে সন্তুষ্ট হলে এবং ঋণ প্রদান সংক্রান্ত বিদ্যমান বিধি বিধান পরিপালন সাপেক্ষে ঋণ অনুমোদন করে থাকে অথবা ক্ষেত্রবিশেষে অনুমোদনের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে সুপারিশ করে।

ঋণ প্রশাসন বিভাগ অনুমোদিত ঋণগুলোর ক্ষেত্রে প্রয়োজনীয় দলিল সম্পাদনার কার্যক্রম সম্পন্ন করা সহ বিভিন্ন শর্ত ও নির্দেশনা পরিপালন তদারকী করে। উপরন্তু, এই বিভাগ প্রদত্ত ঋণ হিসাব সমূহের লেনদেন অবস্থা ও ধারা নিয়মিত পর্যবেক্ষণ করে এবং ঋণ হিসাবের লেনদেন পরিস্থিতি অসন্তোষজনক প্রতীয়মান হলে সংশ্লিষ্ট শাখা সমূহকে পূর্ব সতর্ক সংকেত প্রদান করে। বাংলাদেশ ব্যাংক নির্দেশিত মানদণ্ডে ঋণ হিসাব সমূহের গুণগত মান নিরূপণ করতঃ বিরূপমানে চিহ্নিত ঋণ সমূহের বিপরীতে প্রয়োজনীয় সংস্থান সংরক্ষণের হিসাব সম্পাদন করে।

অনিয়মিত হিসাব সমূহকে সঠিকভাবে তদারকীর জন্য প্রিমিয়ার ব্যাংকে রয়েছে একটি পৃথক ঋণ আদায় বিভাগ। এই বিভাগ বিরূপ মানে শ্রেণীকৃত ঋণ সমূহ নিবিড়ভাবে পরিবীক্ষণ করে তা আদায় ও

নিয়মিত করণে যথাযথ কার্যব্যবস্থা গ্রহণ করে থাকে। শ্রেণীকৃত ঋণ হিসাব পরিস্থিতি এবং এতদবিষয়ে গৃহীত ব্যবস্থা ও কার্যক্রম ব্যাংকের পর্ষদ নিয়মিতভাবে পর্যবেক্ষণ করে এবং ব্যাংক ব্যবস্থাপনাকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করে। শ্রেণীকৃত ঋণ আদায়ের ব্যাপারে ব্যাংক সদা তৎপর। শ্রেণীকৃত হিসাব সমূহকে নিয়মিতকরণে ব্যাংক বাংলাদেশ ব্যাংকের নীতিমালা পুরোপুরি অনুসরণ পূর্বক আইনী প্রক্রিয়ায় কিংবা গ্রাহকের সঙ্গে ফলপ্রসূ আপসের ভিত্তিতে ব্যবস্থা নিয়ে থাকে। আমাদের নিবিড় ঋণ মনিটরিং ব্যবস্থা এবং নিরবচ্ছিন্ন ঋঁকি ব্যবস্থাপনা ব্যাংক সম্পদের উৎকর্ষ সাধনে বলিষ্ঠ ভূমিকা রেখেছে।

আইনী ঋঁকি

ব্যাংকের নিজস্ব আইনজ্ঞ ঋঁগের বিপরীতে জামানত গ্রহণ প্রক্রিয়ার সকল ঋঁকি বিশ্লেষণের পাশাপাশি মঞ্জুরীকৃত ঋঁগ বিতরণে আরোপিত শর্তগুলো সঠিকভাবে প্রয়োগ হচ্ছে কি না সে ঋঁকি যথাযথভাবে বিশ্লেষণ করে পরামর্শ প্রদান ও প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণ করে।

তারল্য ঋঁকি

তারল্য ঋঁকি বলতে এমন এক পরিস্থিতিকে বুঝায় যখন ব্যাংক অগ্রহণযোগ্য ব্যয় বা ক্ষতি ব্যতিরেকে প্রদেয় দায় পরিশোধ বা সম্পদ বৃদ্ধির জন্য প্রয়োজনীয় তহবিলের চাহিদা পূরণে অক্ষমতায় সম্ভাব্য ক্ষতির সম্মুখীন হয়। এ প্রেক্ষিতে সর্বদাই প্রয়োজনীয় তহবিল সঠিক সময়ে যোগান দেয়ার ব্যাপারে ব্যাংক সম্পূর্ণ সজাগ ও সক্রিয়। এ লক্ষ্যে প্রিমিয়ার ব্যাংক বিভিন্ন প্রাতিষ্ঠানিক, রিটেইল এবং কর্পোরেট আমানতের সমন্বয়ে একটি বৈচিত্রময় ও স্থায়ী তহবিল গঠন করা সহ পর্যাপ্ত তরল সম্পদ সংরক্ষণ করে চলেছে। ব্যাংকের কর্মকাণ্ড পরিচালনায় প্রয়োজনীয় তহবিল যোগান নিশ্চিত করা সহ সার্বিক তারল্য ব্যবস্থাপনার দায়িত্ব পালন করে ট্রেজারি ডিভিশন। উপরন্তু, ব্যাংকের সম্পদ ও দায় ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত কমিটি “এলকো” নিয়মিত বৈঠক করে ব্যাংকের তারল্য পরিস্থিতি পর্যালোচনা করে এবং পরিস্থিতি অনুযায়ী তরল সম্পদের সরবরাহ নিশ্চিত করতে কৌশল নির্ধারণ সহ প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করে থাকে। বিবিধক আবশ্যিকতা, তারল্য স্থিতি, প্রত্যাশিত সম্পদ প্রকৃতি, বর্তমান ও ভবিষ্যৎ উপার্জন ক্ষমতা এবং পরিকল্পিত মূলধন কাঠামোর উপর ভিত্তি করে ব্যাংকের তারল্য ব্যবস্থাপনা আবার্তিত। সর্বদা পর্যাপ্ত তারল্য সংরক্ষণ নিশ্চিত করণের লক্ষ্যে ব্যাংক নিয়মিত আধুনিক কলা-কৌশল অবলম্বন করে থাকে। সম্পদ ও দায়ের সময় ভিত্তিক মেয়াদ পরিপক্বতার উপর সার্বক্ষণিক নজর রাখা হয় যাতে করে এক্ষেত্রে ব্যবধান ন্যূনতম পর্যায়ে থাকে। এছাড়া তারল্যের ক্ষেত্রে, যে কোন জরুরী ও অপ্রত্যাশিত সংকট মোকাবেলার লক্ষ্যে ব্যাংকের রয়েছে জরুরী তারল্য মোকাবিলা পরিকল্পনা। ক্রমবর্ধিষ্ণু ক্যাশ ফ্লো মিসম্যাচের একটি সহনীয় সীমা নির্ধারণ, ঋঁগ-আমানতের অনুপাত নির্দিষ্ট করণসহ প্রাতিষ্ঠানিক আমানতে অনুপাত ভারসাম্য কারণে অ্যাসেট লায়াবিলিটি কমিটি তারল্য ব্যবস্থাপনা সঠিকভাবে সম্পাদন করে থাকে।

সুদের হার ঋঁকি

ব্যাংকের অন-ব্যালাঞ্চশিট এবং অফ-ব্যালাঞ্চশিট বিষয়গুলোর পুনর্গঠন্যাস ও সমন্বয় করার সাথে সাথে দায় ও সম্পদের সুষ্ঠু

ব্যবস্থাপনা প্রক্রিয়ার মাধ্যমে সুদের হার পরিবর্তন জনিত ঋঁকি হ্রাসের পরিকল্পনা করা হয়। ব্যাংকের ঋঁকি ব্যবস্থাপনা বিভাগ নিয়মিত এই ঋঁকি বিশ্লেষণ ও পরিমাপ করে থাকে। তাছাড়া অ্যাসেট লায়াবিলিটি কমিটি কর্তৃক নিয়মিত ব্যাংকের আয়ের উপর পরিবর্তীত সুদ হারের প্রভাব পর্যালোচনা করে এবং যৌক্তিক আয় নিশ্চিত করে। এই ঋঁকি চিহ্নিতকরণ ও পরিমাপে ব্যাংক বিবিধ কৌশল অবলম্বন করে থাকে যার মধ্যে সুদ হার সংবেদনশীলতা বিশ্লেষণ, সময়কাল ব্যবধান বিশ্লেষণ প্রক্রিয়া উল্লেখযোগ্য।

বাজার ঋঁকি

বাজার ঋঁকি বলতে ব্যাংকের স্থিতিপত্র ও স্থিতিপত্র বহিঃগত সম্পদ ও দায়ের উপর সুদ হার, শেয়ার মূল্য, বৈদেশিক মুদ্রা হার ও পণ্য মূল্য হ্রাস-বৃদ্ধির কারণে উদ্ভূত সম্ভাব্য ক্ষতির ঋঁকি বোঝায়। এই ঋঁকি চিহ্নিতকরণ ও পরিমাপে ব্যাংক বিবিধ কৌশল অবলম্বন করে থাকে যার মধ্যে ভেল্যু এট রিস্ক ও স্ট্রেস টেস্টিং উল্লেখযোগ্য। ব্যাংকের ঋঁকি ব্যবস্থাপনা বিভাগ নিয়মিত বাজার ঋঁকি বিশ্লেষণপূর্বক ব্যবস্থাপনাকে অবহিত করণ সহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে থাকে। তাছাড়া, ব্যাংকের সম্পদ ও দায় ব্যবস্থাপনা কমিটি (এলকো) বাজার ঋঁকির নিয়ামক সমূহ নিয়মিত পর্যালোচনা পূর্বক সম্ভাব্য ঋঁকি নিরসনে যৌক্তিক কার্যব্যবস্থা গ্রহণ করে থাকে। গুণগত মান ও সন্তোষজনক রেটিং এর উপর প্রাধান্য দিয়ে ব্যাংক বিনিয়োগযোগ্য সম্পদ নির্বাচন করে থাকে। বর্তমান বাজারমূল্য, সম্পদমূল্য, আয় প্রভৃতি মৌলিক বিষয়গুলো বিবেচনায় এনে ব্যাংক বাজার ঋঁকি নিয়ন্ত্রণ করে।

পরিচালন ঋঁকি

এটি মূলত অপারেশনাল রিস্ক হিসেবে সমধিক পরিচিত। এই ধরনের ঋঁকি প্রতারণা, জালিয়াতি, অনধিকার চর্চা, ত্রুটি-বিচ্যুতি, সিস্টেম ফেইলার এবং নানা রকম বাহ্যিক ঘটনার সাথে সম্পর্কযুক্ত। বিভিন্ন লিখিত কর্ম প্রণালী, নিয়মিত প্রশিক্ষণ এবং সচেতনতা বৃদ্ধির মাধ্যমে প্রিমিয়ার ব্যাংক এই ঋঁকিগুলো মোকাবেলা করে। ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগ অপারেশনাল ঋঁকি যাচাই এবং তা নিয়ন্ত্রণ করে থাকে। ডিপার্টমেন্টাল কন্ট্রোল ফাংশন চেকলিস্ট, ত্রৈমাসিক কার্য বিবরণী, লোন ডকুমেন্টেশন চেকলিস্ট, প্রভৃতিতে ব্যাংকের সম্ভাব্য সকল কার্যক্রম উদ্ভূত ঋঁকি মোকাবেলায় সুনিপুণভাবে প্রস্তুত করা হয়। ব্যাংকের কার্যক্রম নিরবিচ্ছিন্নভাবে পরিচালনার লক্ষ্যে আমরা একটি বিকল্প তথ্য কেন্দ্র স্থাপন করেছি যা জরুরী মুহূর্তে বিকল্প হিসেবে পূর্ণ সমর্থন দিতে সক্ষম।

বৈদেশিক মুদ্রা ঋঁকি

ট্রেজারীর মূখ্য ব্যাংকিং কার্যক্রমের একটি প্রধান দায়িত্ব হল বৈদেশিক মুদ্রা ঋঁকি নিয়ন্ত্রণ করা। ব্যাংকের বৈদেশিক মুদ্রা ঋঁকি মূলতঃ বাজারে বৈদেশিক মুদ্রার দর উঠানামার কারণে উদ্ভূত সম্ভাব্য ক্ষতি। এ প্রেক্ষিতে আমাদের ট্রেজারি বিভাগ বৈদেশিক মুদ্রার বিনিময় হারের পরিবর্তনকে গভীরভাবে বিশ্লেষণ করে থাকে।

ট্রেজারি কর্মকর্তাগণ স্বাধীনভাবে নির্দিষ্ট সীমারেখার মধ্যে বৈদেশিক মুদ্রার লেনদেন পরিচালনা করে। প্রত্যেক মাসে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত মার্ক-টু-মার্কেট রেট অনুসারে সকল বৈদেশিক মুদ্রার স্থিতি পুনর্মূল্যায়ন বা সমন্বয় করা হয়। ব্যাংক কঠোরভাবে

বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত বৈদেশিক মুদ্রার ধারণ সীমা মেনে চলে। নির্দিষ্ট সময়ের ব্যবধানে ট্রেজারী ম্যানুয়াল নিরীক্ষণ ও হালনাগাদ করা হয়। মাসিক ভিত্তিতে সকল নস্ট্র হিসাব সমন্বয় করা হয় এবং ৩০ দিনের বেশি অসম্মিত স্থিতি দ্রুত নিষ্পত্তির জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা হয়। বহিঃনিরীক্ষক দ্বারা আমাদের নস্ট্র হিসাব সমূহ যাচাই করা হয় এবং বাংলাদেশ ব্যাংকে এ ব্যাপারে রিপোর্ট করা হয়।

মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ

উদীয়মান বাজারের ব্যাংকগুলির নিকট নিয়ন্ত্রনকারী সংস্থার চাহিদাসমূহ পূর্বের চেয়ে আরও জটিলতর হয়েছে। অর্থ পাচারের বিরুদ্ধে লড়াই করার এবং সন্ত্রাসে অর্থায়নের মূলোৎপাটনে পরিকল্পিত নিয়মগুলি আর্থিক ব্যবস্থাকে আরও নিরাপদ এবং স্থিতিশীল করেছে বটে কিন্তু উন্নয়নশীল দেশগুলিতে ব্যবসায়িক খরচ এবং জটিলতাও বৃদ্ধি করেছে। তাই, প্রয়োজনে ব্যাংকগুলিকে বিভিন্ন নিয়ম-নীতির বাস্তবায়ন পর্যবেক্ষণ এবং তার উন্নয়ন করতে হবে। ঝুঁকির সঠিক মূল্যায়ন এবং পরিচালনে ব্যর্থতা ক্ষতির কারণ হতে পারে এবং তা সামগ্রিক আর্থিক ব্যবস্থার স্থিতিশীলতাকে প্রভাবিত করতে পারে। সাম্প্রতিক বছরগুলিতে মানিলভারিং এবং সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে নিয়ম-নীতির প্রতিপালন বিশ্বব্যাপী ব্যাংকগুলির জন্য ব্যয় ও জটিলতা উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি করেছে। নিয়ম-নীতির এই পরিবর্তন আর্থিক ব্যবস্থাকে স্থিতিশীল এবং আর্থিক অপরাধের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করেছে। এই পরিবর্তনগুলি ক্রেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক এবং ক্রেস বর্ডার ফিন্যান্সিয়াল নেটওয়ার্কের উপরেও চাপ বৃদ্ধি করেছে।

ব্যাংককে মানি লভারিং এবং সন্ত্রাসী অর্থায়নের ঝুঁকি থেকে মুক্ত করতে এবং আইনি ও নিয়ন্ত্রনকারী সংস্থার কাঠামো মেনে চলতে প্রিমিয়ার ব্যাংক লিমিটেড প্রাসঙ্গিক আইন ও নিয়ম-নীতির বাস্তবায়ন নিশ্চিত করেছে।

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর নির্দেশনানুসারে মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে প্রিমিয়ার ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়ে ১৭ সদস্য বিশিষ্ট একটি সেন্ট্রাল কমপ্লাইয়েন্স কমিটি রয়েছে যার নেতৃত্বে রয়েছেন একজন সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট যিনি ব্যাংকের প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) হিসেবে অভিহিত। সেন্ট্রাল কমপ্লাইয়েন্স কমিটির সাচিবিক কার্যবলী সম্পাদনের জন্য রয়েছেন Deputy CAMLCO যিনি ব্যাংকের মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগেরও প্রধান।

শাখা পর্যায়ে মানিলভারিং প্রতিরোধ ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে পরিপালন কার্যক্রম সম্পাদনের জন্য রয়েছেন শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা বা ব্যামেলকো (BAMLCO)। ব্যাংকের মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কার্যক্রম জোরদারের লক্ষ্যে প্রতিটি শাখার BAMLCO-কে মানিলভারিং প্রতিরোধ আইন-২০১২ (সংশোধন-২০১৫), সন্ত্রাস বিরোধী আইন-২০০৯, (সংশোধন ২০১২ ও ২০১৩) এবং বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) কর্তৃক ইস্যুকৃত বিভিন্ন সার্কুলারের নির্দেশনা সম্পর্কে সম্যক ধারণা অর্জন করতে

হয়। প্রিমিয়ার ব্যাংক সম্প্রতি ৫২টি উপ-শাখা খুলেছে যেখানে উপশাখার ইনচার্জ শাখা মানিলভারিং প্রতিরোধ কর্মকর্তা (BAMLO) হিসাবে দায়িত্ব পালন করবেন যাতে তিনি সংশ্লিষ্ট ব্রাঞ্চে BAMLCO-কে রিপোর্ট করতে পারে।

ব্যাংকের পরিচালনা পর্ষদ, সর্বোচ্চ নির্বাহী, কেন্দ্রীয় পরিপালন কমিটি, মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ মানিলভারিং ও সন্ত্রাসীকার্যে অর্থায়ন প্রতিরোধে সচেতন এবং দৃঢ় অঙ্গিকারবদ্ধ। প্রিমিয়ার ব্যাংক মানিলভারিং প্রতিরোধকে আইনি বাধ্যবাধকতার পাশাপাশি ব্যবসায়িক নৈতিকতার অংশ হিসেবে বিবেচনা করে। প্রতিবছর ব্যবস্থাপনার উচ্চমহল থেকে বিভিন্ন মেমো, সার্কুলার এবং বার্তার মাধ্যমে ব্যাংকের সর্বস্তরে মানিলভারিং প্রতিরোধকে গুরুত্বসহকারে প্রচার করা হয়।

ব্যাংকের এএমএল এন্ড সিএফটি ডিভিশন ইতিমধ্যে মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমকে শক্তিশালী করতে নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করেছেঃ

১. শাখায় গ্রাহকদের হিসাব খোলার সময় সঠিকভাবে KYC (Know Your Customer) করা ও তৎপরবর্তীতে নিয়মিতভাবে পর্যবেক্ষণ ও হালনাগাদ করা। প্রয়োজ্য ক্ষেত্রে পর্যাপ্ত CDD ও EDD প্রক্রিয়া সম্পন্ন করা এবং নির্দিষ্ট সময় অন্তর উচ্চ ঝুঁকি ও নিম্ন ঝুঁকি সম্পন্ন হিসাবগুলোর KYC হালনাগাদ করা।
২. ওয়াক-ইন কাস্টমার (Walk-in Customer) এর সাথে লেনদেনের সময় বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর নির্দেশনার আলোকে তাদের KYC সম্পন্ন করা।
৩. শাখায় গ্রাহকদের লেনদেন মনিটরিং জোরদার ও সন্দেহজনক লেনদেনের রিপোর্টের সংখ্যা বৃদ্ধিকরণে শাখা কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধি করা।
৪. বিএফআইইউ- এর নির্দেশনানুসারে শাখা পর্যায়ে স্থানীয় Sanction List সহ OFAC ও জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় সন্ত্রাস ও সন্ত্রাসী কার্যে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোনো ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার কোনো হিসাব খোলা বা পরিচালনা না করা।
৫. ব্যাংকের সকল কর্মকর্তাদের মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ নিশ্চিত করতে পর্যায়ক্রমে প্রশিক্ষণ ও ওয়ার্কশপের সংখ্যা বৃদ্ধি করা।
৬. মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিভাগ মানিলভারিং ও সন্ত্রাসীকার্যে অর্থায়ন প্রতিরোধে একটি কার্যকারী ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে ব্যাংকের শাখাসমূহ হতে প্রাপ্ত সেক্ষ এ্যাসেসমেন্ট সংক্রান্ত প্রতিবেদন বিশ্লেষণ ও যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।
৭. নিয়মিতভাবে শাখায় ও প্রধান কার্যালয়ে মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে ত্রৈমাসিক সভা অয়োজন করা।
৮. শাখাসমূহে AML & CFT System Check সম্পাদন করা।

৯. প্রয়োজন সাপেক্ষে সময় সময়ে ব্যাংকের AML & CFT বিষয়ক পলিসি পর্যালোচনা করা।
১০. রেগুলেটরী অথরিটির যে কোন ধরনের পরিদর্শন টিমকে যথাযথ সহযোগিতা প্রদান নিশ্চিত করা ইত্যাদি।

এতদ্ব্যতীত, আগামী বৎসরে প্রিমিয়ার ব্যাংকের এএমএল ও সিএফটি বিভাগ নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করবেঃ

১. ব্যামেলকোদের (BAMLCO) মধ্যে জ্ঞান ও সচেতনতা বৃদ্ধি করতে একটি BAMLCO সম্মেলনের আয়োজন করা হবে।
২. পনের মূল যাচাইয়ের জন্য CRM স্তরে মার্কেট ইন্টেলিজেন্স ইউনিট গঠন করা হবে।
৩. অবিলম্বে ই-কেওয়াইসি কার্যকর করা হবে।
৪. সিনিয়র ম্যানেজমেন্টের অনুমোদন সাপেক্ষে Adverse Media News পাওয়ার জন্য সফটওয়্যার গ্রহণ করা হবে।

সবুজ ব্যাংকিং এবং টেকসই উন্নয়ন

সবুজ ব্যাংকিং বলতে পরিবেশের জন্য ক্ষতিকর নয় বরং পরিবেশ সংরক্ষণে ভূমিকা রাখে এমন আর্থিক এবং ব্যবসায়িক নীতিসমূহকে বোঝানো হয়। দায়িত্বপূর্ণ ভাবে সম্পদের যথাযথ ব্যবহার করে অপচয় এড়িয়ে চলাও সবুজ ব্যাংকিং এর অন্তর্ভুক্ত। প্রতিষ্ঠালগ্ন থেকে প্রিমিয়ার ব্যাংক ব্যয় কমিয়ে এবং অপচয় হ্রাসের মাধ্যমে সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করে পরিবেশ রক্ষায় সচেতনতার সাথে দায়িত্ব পালন করে আসছে। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা ও পরামর্শ অনুযায়ী সবুজ ব্যাংকিংকে আরো বেশি গুরুত্ব দিতে একটি আলাদা টেকসই উন্নয়ন সেল গঠন করা হয়েছে। এছাড়া পরিবেশবান্ধব শিল্পে অধিকতর বিনিয়োগের পরিকল্পনা নেওয়া হয়েছে।

কোম্পানী সুশাসন

প্রিমিয়ার ব্যাংক সূচনা থেকেই ব্যবসায়িক কর্মকাণ্ডের সকল স্তরে নিরবচ্ছিন্নভাবে সুশাসনের অনুশীলন নিশ্চিত করেছে। ব্যাংকের গতিশীল পরিচালনা পর্ষদ (Board of Directors) ব্যবসার লক্ষ্যমাত্রা নির্ধারণ, নীতি প্রণয়ন, কৌশলগত পরিকল্পনা গ্রহণ, সকল ব্যবসায়িক কর্মকাণ্ড পর্যবেক্ষণ ও ব্যবস্থাপনা কার্যকলাপ প্রভৃতি অত্যন্ত সুচারু ও দক্ষতার সাথে পালন করছে। প্রধান কার্যালয়স্থিত ম্যানেজমেন্ট কমিটি যে কোন পরিস্থিতিতে নিশ্চিত করে যে ব্যাংকের যাবতীয় কর্মকাণ্ড সর্বোচ্চ নৈতিক আদর্শে অনুপ্রাণিত এবং তা সম্মানিত শেয়ারহোল্ডারদের স্বার্থ সংরক্ষণে সংঘটিত। ব্যাংকের আন্তঃবিভাগীয় সমন্বয় ও কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হয় এবং এর কর্মপ্রবাহ ও দায়িত্ব সুনির্দিষ্ট। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও নিরীক্ষা বিভাগ ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা ও তদারকি পরিচালনা করে থাকে এবং সরাসরি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও অডিট কমিটিকে অবহিত করে। বিভিন্ন কমিটি প্রচলিত ব্যাংকিং প্রবিধানের মধ্য থেকে তাঁদের কার্যক্ষমতা প্রয়োগ করে থাকে।

ব্যবস্থাপনা কমিটি

প্রিমিয়ার ব্যাংক দক্ষ ও যোগ্য ব্যবস্থাপনা সদস্যবৃন্দের সমন্বয়ে ঝুঁকি ব্যবস্থাপনা ও নিরবচ্ছিন্ন মনিটরিং ব্যবস্থা নিশ্চিতকল্পে কতিপয় কমিটি গড়ে তুলেছে। উল্লেখযোগ্য কমিটিগুলো হচ্ছে সিনিয়র ম্যানেজমেন্ট টিম, ম্যানেজমেন্ট কমিটি, ক্রেডিট কমিটি, অ্যাসেট-লায়বিলিটি কমিটি, আইসিটি স্ট্র্যাটিক্স কমিটি, আইসিটি সিকিউরিটি কমিটি,

ইন্টিগ্রিটি কমিটি, ক্রয় কমিটি ইত্যাদি। ব্যবস্থাপনা কার্যক্রমে ব্যবস্থাপনা পরিচালককে সহযোগিতা করেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগীয় প্রধান এবং অন্যান্য নির্বাহীবৃন্দ। ব্যাংকের দৈনন্দিন কর্মকাণ্ড পরিচালিত হয় আধুনিক ব্যাংকিং এ পারদর্শী এ সব অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ব্যাংকারদের মাধ্যমে। প্রধান কার্যালয়ের ম্যানেজমেন্ট কমিটি সংশ্লিষ্ট বিষয়গুলোকে পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করে তা বিবেচনা ও অনুমোদনের জন্য ইসি/বোর্ড এর কাছে পেশ করে। ব্যাংকের কার্যাবলি সুষ্ঠুভাবে পরিচালনা, পর্যবেক্ষণ ও ব্যবসায়ের লক্ষ্য অর্জনের জন্য ব্যাংকের শাখাগুলি বিভিন্ন জোনে বিভক্ত করা হয়েছে। এর পাশাপাশি প্রিমিয়ার ব্যাংক শাখা পর্যায়ে প্রতিষ্ঠা করেছে “ব্রাঞ্চ ম্যানেজমেন্ট কমিটি”। এর প্রধান লক্ষ্য হচ্ছে ব্যাংকের সকল শাখায় স্বচ্ছন্দ কার্যক্রম বজায় রাখা ও অধিকতর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা। এই পদক্ষেপসমূহ প্রধান কার্যালয় ও শাখাগুলোতে বয়ে এনেছে গতিশীলতা, দায়িত্ব সম্পৃক্ততা এবং দ্রুত সিদ্ধান্ত গ্রহণ পদ্ধতির উন্নয়ন।

পরিচালনা পর্ষদ

বর্তমানে প্রিমিয়ার ব্যাংকের পরিচালনা পর্ষদ ০২ (দুই) জন স্বতন্ত্র পরিচালকসহ ১২ (বারো) জন পরিচালক নিয়ে গঠিত। কোম্পানীর বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের ভোটে পরিচালনা পর্ষদের সদস্যরা নির্বাচিত হন। ব্যাংক কোম্পানীর নীতি প্রণয়ন ও বাস্তবায়ন, ঝুঁকি ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, অভ্যন্তরীণ নিরীক্ষা ও তা পরিপালন করার অভিপ্রায়ে প্রিমিয়ার ব্যাংকের সুদক্ষ পরিচালনা পর্ষদ কাজ করে যাচ্ছে। ২০২১ সালে ব্যাংকের পরিচালকমন্ডলী ১৭ টি পর্ষদ সভায় মিলিত হয়ে ব্যাংক পরিচালনার জন্য মূল্যবান পরামর্শ দিয়েছেন।

নির্বাহী কমিটি

পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠানের মধ্যবর্তী সময়কালে জরুরী এবং দৈনন্দিন বা রুটিন কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার স্বার্থে পর্ষদের অত্যন্ত দক্ষ ও নিষ্ঠাবান ৭ (সাত) সদস্য সমন্বয়ে নির্বাহী কমিটি গঠিত। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ কিংবা অন্যান্য সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধানে যে সব দায়িত্ব ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সুনির্দিষ্টভাবে পূর্ণাঙ্গ পর্ষদের ওপর ন্যস্ত করা আছে সে সব ক্ষেত্রে ব্যতীত পর্ষদ কর্তৃক নির্দেশিত অন্যান্য সব ক্ষেত্রে নির্বাহী কমিটি দায়িত্ব পালন ও সিদ্ধান্ত গ্রহণ করে। পরবর্তীতে কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত পর্ষদ সভায় অনুসমর্থন করে নেয়া হয়।

অডিট কমিটি

বাংলাদেশ ব্যাংকের বিধিবিধান ও নির্দেশাবলী অনুসারে পরিচালনা পর্ষদের ২ জন স্বতন্ত্র পরিচালকসহ ৪ (চার) সদস্যদের সমন্বয়ে প্রিমিয়ার ব্যাংকের অডিট কমিটি গঠিত। কমিটির সদস্যগণ তিন বৎসরের জন্য নির্বাচিত হয়ে থাকেন। অডিট কমিটি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, শেয়ার হোল্ডার, আমানতকারী ও স্টক হোল্ডারদের সাথে একটি স্থায়ী বন্ধন প্রতিষ্ঠার লক্ষ্যে একটি দক্ষ, শক্তিশালী ও নিরাপদ ব্যাংকিং ব্যবস্থার ভিত্তি গড়ে তোলে। অডিট কমিটি পালনীয় কর্তব্যের অংশ হিসেবে ব্যাংকিং কার্যক্রম থেকে উদ্ধৃত বিভিন্ন ঝুঁকি নিয়ন্ত্রণ করে, ব্যাংকের আর্থিক প্রতিবেদন প্রকাশ প্রক্রিয়াকে সহজতর করে, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাকে শক্তিশালী করে এবং একটি সুশৃঙ্খল ব্যাংকিং কার্যক্রম প্রতিষ্ঠার জন্য অভ্যন্তরীণ ও বহিঃনিরীক্ষকগণের মাঝে সেতুবন্ধন হিসেবে কাজ করে।

অডিট কমিটির কার্যক্রমের সঠিক দিকনির্দেশনা ও তত্ত্বাবধানের জন্য বোর্ড কর্তৃক একজন চেয়ারম্যান মনোনীত করা হয়। বিভিন্ন নিয়ন্ত্রক কর্তৃপক্ষের নিরীক্ষা পত্রের খুঁটিনাটি যাচাই করতে অডিট কমিটি নিয়মিতভাবে সভার আয়োজন করে। যে কোন সম্ভাব্য ঝুঁকি থেকে ব্যাংককে নিরাপদ রাখতে অডিট কমিটি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে থাকে। সেই সাথে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থায় বিভিন্ন স্বার্থগত দ্বন্দ্ব সন্দেহমূলক বা অনূমিত জালিয়াতি, অনিয়ম বা মুখ্য পরিবর্তন, কোন আইন লঙ্ঘন কিংবা যে কোন বিষয় যা বোর্ডের নিকট প্রকাশযোগ্য ইত্যাদি সম্পর্কিত রিপোর্ট পরিচালনা পর্ষদের কাছে পেশ করে থাকে।

ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি

ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (সংশোধিত ২০১৩) এর ধারা ১৫ (খ) অনুযায়ী, পরিচালনা পর্ষদের ৫ (পাঁচ) সদস্যদের সমন্বয়ে প্রিমিয়ার ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে। কমিটি ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক প্রণীত কৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে উদ্বৃত্ত ও সম্ভাব্য ঝুঁকিহ্রাসে কার্যকর ভূমিকা পালন এবং এ সংক্রান্ত পরিচালনা পর্ষদের দায়িত্ব সুচারুরূপে সম্পন্ন করে।

ক্রেডিট রেটিং প্রতিবেদন

আরগস ক্রেডিট রেটিং সার্ভিসেস লিমিটেড (এসআরএসএল) ২০২০ সালের ডিসেম্বর পর্যন্ত আর্থিক অবস্থান এবং অন্যান্য সংশ্লিষ্ট পরিমাণগত এবং গুণগত বিষয়ের ভিত্তিতে ৩০ জুন ২০২১ তারিখে (রেটিং ঘোষণার তারিখ) প্রিমিয়ার ব্যাংক লিমিটেডকে দীর্ঘ মেয়াদে “এএ+ (ডাবল এ প্লাস)” এবং স্বল্প মেয়াদে “এসটি-১” রেটিং প্রদান করেছে যা ২৯ জুন ২০২২ পর্যন্ত বৈধ থাকবে।

বহিঃ নিরীক্ষক নিয়োগ

২০২১ সালের ৫ মে অনুষ্ঠিত বাইশতম বার্ষিক সাধারণ সভায় (এজিএম) প্রিমিয়ার ব্যাংক লিমিটেডের শেয়ারহোল্ডারগণ কে. এম. হাসান অ্যাড কোং কে ২০২১ সালের নিরীক্ষা পরিচালনার জন্য ব্যাংকের বহিঃ নিরীক্ষক হিসাবে নিয়োগ করেছিলেন। বাংলাদেশ ব্যাংক নির্দেশিকা অনুসারে, তারা পুনরায় নিযুক্ত হওয়ার যোগ্য।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর ৩ জুন, ২০১৮ তারিখে জারিকৃত কর্পোরেট গভর্নেন্স কোড- বিএসইসি/সিএমআরআরসিডি / ২০০৬-১৫৮ / ২০৭ / অ্যাডমিন/ ৮০-এর ৯ (২) নং শর্ত অনুসারে পরিচালনা পর্ষদ মাহফেল হক অ্যাড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টসকে ২০২১ সালের জন্য ব্যাংকের কমপ্লায়েন্স অডিটর হিসাবে নিয়োগের সুপারিশ করেছে যা শেয়ারহোল্ডারগণ ব্যাংকের বাইশতম এজিএমে অনুমোদন করেছেন।

পরিচালনা পর্ষদ মাহফেল হক অ্যাড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টসকে ২০২২ সালের জন্য ব্যাংকের কমপ্লায়েন্স অডিটর হিসাবে নিয়োগের সুপারিশ করেছে যা শেয়ারহোল্ডারদের অনুমোদনের জন্য ব্যাংকের তেইশতম এজিএমে পেশ করা হবে।

পরিচালক নির্বাচন

আগামী তেইশতম বার্ষিক সাধারণ সভায় ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১, কোম্পানী আইন, ১৯৯৪ এবং ব্যাংকের আর্টিক্যালস অব

অ্যাসোসিয়েশন অনুযায়ী পরিচালকগণের অবসর/নির্বাচন/পুনঃনির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হবে।

সভা

২০২১ সালে ব্যাংকের পরিচালনা পর্ষদের ১৭ টি সভা অনুষ্ঠিত হয়। কার্যনির্বাহী কমিটির সভা হয় ৪৩ টি আর অডিট কমিটি উক্ত বছরে ৬ টি সভায় মিলিত হন। অন্যদিকে শরীয়াহ সুপারভাইজরী কমিটির ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ৪ টি করে সভা অনুষ্ঠিত হয়।

লভ্যাংশ

ব্যাংকের পরিচালনা পর্ষদ ২০২১ ইং অর্থবছরের উপর ১২.৫০% নগদ ও ১০.০০% স্টক লভ্যাংশ সুপারিশ করেছে যা আগামী ১৭ মে, ২০২২ ইং তারিখে অনুষ্ঠিতব্য ব্যাংকের তেইশতম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদন সাপেক্ষে কার্যকর হবে।

বার্ষিক সাধারণ সভা


ব্যাংকের তেইশতম বার্ষিক সাধারণ সভা আগামী ১৭ মে, ২০২২ ইং তারিখে ডিজিটাল প্ল্যাটফর্ম-এ সকাল ১১.০০ টায় অনুষ্ঠিত হবে। ২৮ মার্চ, ২০২২ ইং তারিখে ব্যাংকের ২৫৭ তম পর্ষদ সভায় পরিচালনা পর্ষদের প্রতিবেদন এবং আর্থিক হিসাবপত্র শেয়ারহোল্ডারদের সমীপে পেশ করার জন্য অনুমোদিত হয়।

ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন

ব্যাংকের পরিচালনা পর্ষদ ব্যাংকের সকল সম্মানিত শেয়ারহোল্ডার, শ্রদ্ধেয় গ্রাহক, পৃষ্ঠপোষক ও শুভানুধ্যায়ীদের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছে যাঁরা সর্বাঙ্গিক সহযোগিতার মাধ্যমে প্রিমিয়ার ব্যাংককে একটি অন্যতম ব্যাংক হিসেবে গড়ে তুলতে প্রধান ভূমিকা পালন করেছেন। আমরা তেমনি কৃতজ্ঞতা পাশে আবদ্ধ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন সহ অন্যান্য নিয়ন্ত্রক সংস্থা এবং আর্থিক প্রতিষ্ঠানের প্রতি তাঁদের মূল্যবান উপদেশ, সহযোগিতা ও পরামর্শের জন্য। পরিশেষে পরিচালনা পর্ষদ ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা ও প্রশংসা জ্ঞাপন করছে। তাঁদের মেধা, অক্লান্ত পরিশ্রম আর গভীর অনুরক্তি ছাড়া প্রিমিয়ার ব্যাংক আজকের অবস্থানে আসতে পারতো না।

আপনাদের সকলের এই ভালোবাসা, দায়িত্বশীলতা এবং সহযোগিতা ভবিষ্যতে প্রিমিয়ার ব্যাংককে এক অনন্য উচ্চতায় পৌঁছে দিবে বলে আমরা বিশ্বাস করি।

পরিচালনা পর্ষদের পক্ষে



ডাঃ এইচ, বি, এম, ইকবাল
চেয়ারম্যান